
স্টেট ফিসারি অফিসার্স অ্যাসোসিয়েশন, ওয়েস্ট বেঙ্গলের মুখপত্র

# সংবেদ

বিশেষ ৩২তম দ্বিবার্ষিক রাজ্য সম্মেলন সংখ্যা



মমতা ব্যানার্জী
ममता बैनर्जी
ممتا بنرجی
**Mamata Banerjee**

মুখ্যমন্ত্রী, পশ্চিমবঙ্গ
मुख्यमंत्री, पश्चिम बंगाल
وزیراعلیٰ مغربی بنگال
CHIEF MINISTER, WEST BENGAL




19th August, 2019

## MESSAGE

I am glad to know that **State Fishery Officers' Association, West Bengal**, will hold their **32nd Biennial Conference** at State Youth Centre, Moulali, Kolkata, on 23rd & 24th August, 2019.

On this occasion, I convey my heartiest greetings and best wishes to the organizers and participants of the event and wish the conference all success.

(Mamata Banerjee)

The General Secretary
State Fishery Officers' Association
West Bengal


Nabanna, West Bengal Secretariat, Howrah - 711 102
West Bengal, India
Tel : +91-33-22145555, +91-33-22143101
Fax : +91-33-22144046, +91-33-22143528

চন্দ্রনাথ সিন্‌হা
ভারপ্রাপ্ত মন্ত্রী
মৎস্য বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার

Chandranath Sinha
**Minister-In-Charge**
Department of Fisheries
Govt. of West Bengal

08.08.2019

**MESSAGE**

I am glad to know that State Fishery officers' Association, West Bengal are going to organize 32nd Biennial Conference (**47th years' celebration**) which will be held on 23rd August and 24th August, 2019, at State Youth Centre, Moulali, Kolkata.

I wish a grand success of the said programme and hope that your Association will leave no stone unturned to encourage confidence amongst its members for achieving their respective demands while serving under the Department of Fisheries.

I am also glad to know that a Souvenir will be published to commemorate the occasion.

08.08.19
(Chandranath Sinha)

Dr. Sk. Abul Kashem
General Secretary,
State Fishery Officers' Association, West Bengal
60A, Colootola Street, (3rd Floor),
Kolkata – 700 073.

I.T. Building, 31 GN Block, 8th Floor, Salt lake City, Kolkata - 700 091
Phone - (033) 2357 0078, Fax - (033) 2357 0086

শ্রীমতী অসীমা পাত্র
রাষ্ট্র মন্ত্রী (স্বাধীন দায়িত্ব প্রাপ্ত)
কর্মসূচী পর্যবেক্ষন দপ্তর
রাষ্ট্র মন্ত্রী
অনগ্রসর শ্রেনী কল্যাণ দপ্তর,
কৃষি দপ্তর এবং মৎস্য দপ্তর
পশ্চিমবঙ্গ সরকার

Smt. Asima Patra
Minister of State (Independent Charge)
Department of Programme Monitoring
Minister of State
Backward Classes Welfare Department
Department of Agriculture and
Department of Fisheries
Government of West Bengal

# MESSAGE

***It is immense pleasure to know that "State Fishery Officers' Association", West Bengal is going to organize 32nd Biennial State Conference, 2019 on 23rd August & 24th August, 2019 in Kolkata and in this connection a Souvenir will be published.***

***I would also like to send my best wishes to all delegates and organizers of the Association for extending their full support in making this event an outstanding success.***

***(ASIMA PATRA)***
Patra
10/8/19

***To***
***Dr. Sk. Abul Kashem***
***General Secretary***
***State Fishery Officers' Association***
***West Bengal Kolkata***

ফিরহাদ হাকিম
फिरहाद हाकिम
فرہاد حکیم
**FIRHAD HAKIM**

**MINISTER-IN-CHARGE**
DEPARTMENT OF URBAN
DEVELOPMENT & MUNICIPAL AFFAIRS
GOVERNMENT OF WEST BENGAL

*No. 1400(M)/MIC/2019* *Date :01.08.2019*

*Dear Dr. Kashem,*

*I sincerely acknowledge the invitation for inviting me to remain present at the 32nd Biennial State Conference'2019 (47th Year Celebration) as Chief Guest scheduled to be held at State Youth Centre, Moulali, Kolkata on 23rd August and 24th August, 2019 which will be organized by the State Fishery Officers' Association, West Bengal.*

*However, I wish the celebration a grand success ushering in a new horizon of hope.*

*With regards,*

*(Firhad Hakim)*

*To*
*Dr. Sk. Abul Kashem*
*General Secretary*
*State Fishery Officers' Association*
*West Bengal.*

**WRITERS' BUILDINGS, KOLKATA-700 001**
Phone : (033) 2214 - 5497, FAX : (033) 2214 - 3853, E-mail : micmaudwb@gmail.com
'NAGARAYAN', DF-8, SECTOR-1, BIDHANNAGAR, KOLKATA-700 064

শুভেন্দু অধিকারী
Suvendu Adhikari
शुभेन्दु अधिकारी

MINISTER-IN-CHARGE : TRANSPORT DEPARTMENT
GOVERNMENT OF WEST BENGAL
Parihahan Bhawan (1st Floor), 12, R. N. Mukherjee Road, Kolkata - 700001
Phone : (033) 2262 5402 (Telefax)
Email : adhikarisuvenduwb1@gmail.com
DEPARTMENT OF WATER RESOURCES INVESTIGATION AND DEVELOPMENT
GOVERNMENT OF WEST BENGAL
Khadya Bhavan (5th Floor), 11A, Mirza Ghalib Street, Block A, Kolkata-700 087
Phone : (033) 2252 0023, Fax : (033) 2252 0559
&
DEPARTMENT OF IRRIGATION AND WATERWAYS
GOVERNMENT OF WEST BENGAL
Jalasampad Bhavan (1st Floor), Block - DF, Sector - I, Salt Lake, Kolkata - 700 091
Phone : (033) 2321 5103, Fax : (033) 2321 5104

*D.O. No.* 242/MTC/TR/19-20

**Dated, the** 14th August, 2019.

## MESSAGE

I am glad to know that **State Fishery Officers' Assoiation, West Bengal** is going to organise their 32nd Biennial State Conference, 2019 on 23rd August and 24th August, 2019 at State Youth Centre, Moulali, Kolkata.

I convey my thanks from the bottom of the heart to all the members of Association on its 32nd Biennial State Conference and I also wish all success of this occasion.

**(Suvendu Adhikari)**

**General Secretary,**
**State Fishery Officers' Association**
**West Bengal,**
**60A Colootola Street (3rd Floor),**
**Kolkata – 700 073**

**Sobhandeb Chattopadhyay**
Minister-in-Charge
Power & NES Department
Government of West Bengal

শোভনদেব চট্টোপাধ্যায়
মন্ত্রী
বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি
উৎস বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার

Dt: 16/08/2019

Dear Dr Sk. Abul Kashem,

Recived your Letter and happy to know that you are going to organized 32nd Biennial Conference on 23rd, & 24th August 2019 at State Youth Centre Moulali

I hope that the deligates of the Conference will contribute positive ideas and thoughts for the betterment of the organization in particular and the State administration in general. It is also expected that this Association will work in the interest of the officers and employees.

I would like to request all the employees to implement all the projects of the Government of West Bengal, so that people are also benifitted.

I expect grand success of the Conference.

Thanking You

Sincerely Yours

Sobhandeb Chattopadhyay
Minister - In- Charge
Power & NES Department
Govt. Of West bengal

To,
Dr. SK. Abul Kashem
General Secretary
State Fishery Officer's Association
West Bengal

Bidyut Unnayan Bhaban, 6th Floor, 3/C, LA- Block, Sector-III, Bidhannagar, Kolkata-700 098
Ph.: +91-33-2335-0768, Fax: +91-33-2335-5151

*Pradip K Mazumdar*

Advisor to Hon'ble Chief Minister on Agriculture and Allied Sectors
Member, Public Policy & Planning Board
Government of West Bengal

**Date: 20th August 2019**

## MESSAGE

I am pleased to know that the State Fishery Officers' Association, West Bengal will be celebrating their 47 years of establishment by organizing a conference on the 23rd & 24th Aug 2019.

Fish farming and Fishery involve very critical activity for supporting livelihood of a large no of our fishermen besides, meeting the consumption demand. The palate of the residents of this region has special attraction for fish, fuelling the domestic need. The demand abroad particularly for our shell fish is growing.

To harness such increasing demand and improve income of our fishermen, scientific aqua culture is essential. Here comes the key role of our Fishery technologist. The Fishery Officers of our State have been effectively extending scientific fish farming & contributing to socio-economic development of our fish farmers. We are yet to fully meet our domestic and growing export demand.

I hope your Association will deliberate and chalk out a road map to improve production of such varieties and sizes of fish which are in demand and rededicate themselves to the service of the rural community in general and the Fish farmers in particular.

I wish the Biennial Conference all success.

Pradip K Mazumdar

General Secretary
State Fishery Officers' Association
West Bengal

**NABANNA, CHIEF MINISTER'S OFFICE**
325-Sarat Chatterjee Road, Mandirtala, Shibpur, Howrah, West Bengal, India, Pin - 711 102
Tel: +91 33 2214-5907/ 2253 5136, Fax: +91 33 2214-2040
Email: advtocmwb@gmail.com

**SHRI PULAK ROY**
Member,
West Bengal Legislative Assembly

Vill. : Gouripur
P.O. : Dakshin Ramchandrapur
P.S. : Uluberia
Dist. : Howrah
Mob. : 9830231325
9432964387

Date 10th August, 2019

## MESSAGE

I am very happy to know that State Fishery Officers' Association, West Bengal is going to conduct its 32nd Biennial Conference (47 years celebration) on 23rd & 24th August, 2019 at State Youth Centre, Moulali, Kolkata.

I appreciate the contribution of the members of the Association towards the overall development of Fisheries & Aquaculture Sectors as well as the socio-economic upliftment of the Fisher Folk in the State.

I wish a grand success of the Conference.

10.08.19
**(Pulak Roy)**

**To**
**The General Secretary,**
**State Fishery Officers' Association, West Bengal**
**60A Colootola Street (3rd Floor), Kolkata-73**



দিব্যেন্দু অধিকারী
**DIBYENDU ADHIKARI**

सत्यमेव जयते


**MEMBER OF PARLIAMENT**
**(LOK SABHA)**
NEW DELHI : 69, South Avenue, New Delhi-110011
Ph. No. : 011-23017348
TAMLUK : Bapudumbanan, Tamluk, Purba Medinipur
(W.B.) Ph. No. : 03228-267314
CONTAI : Karkoli, Contai, Purba Medinipur
(W.B.) Ph. No. : 03220-259053
Mobile No. : +91-9434005207
E-mail : dibyendu.adhikari27@yahoo.com


*D.O.No.* ..................                                        *Dated, the* ..............................


## *MESSAGE*

*I am glad to know that 32nd* ***Biennial Conference of State Fishery Officers' Association, West Bengal*** *is going to be held on 23rd* ***August and 24th August 2019 at State Youth Centre, Moulali, Kolkata.*** *To commemorate the said occasion they will publish a Souvenir.*

*Wish the members of the association will remain true to their work and the community they are for.*

Dibyendu 8/19
*(Dibyendu Adhikari)*

***To***
***Dr. Sk. Abul Kashem***
***General Secretary,***
***State Fishery Officers' Association, W.B.***
***60A Colootola Street, (3rd Floor),***
***Kolkata-73.***



**AGM 2019**





AGM 2019





**AGM 2019**



# সূচীপত্র


| | |
|---|---|
| সংগঠনের কথাঃ ডঃ সেখ আবুল কাসেম | ১ – ৫ |
| বিভিন্ন কমিটি | ৬ – ১১ |
| বিদায় বন্ধু অতনু বসাকঃ মোহন চট্টোপাধ্যায় | ১২ – ১৫ |
| হ্যাচারীতে পোনা মাছের ডিমঃ পীযুষ কান্তি দাস | ১৬ – ১৮ |
| হ্যাচারী ব্যবস্থাপনায় ব্রুড ফিডেরঃ শ্যামল কুমার ঘোষ | ১৯ – ২৩ |
| একাধিকবার মজুতকরণ ও আহরণের মাধ্যমে মাছ চাষঃ ডঃ নারায়ণ বাগ | ২৪ – ২৫ |
| ইলিশ কেন ইলিশঃ অধ্যাপক শুভময় দাস | ২৬ – ২৮ |
| মনোসেক্স তেলাপিয়া মাছের চাষঃ সেলিমুদ্দিন মোল্লা | ২৯ – ৩০ |
| রঙিন মাছচাষঃ রাজু মন্ডল | ৩১ – ৩২ |
| পটচিত্রঃ প্রশান্ত ভট্টাচার্য্য | ৩৩ – ৩৪ |
| মানবোপকারঃ সঞ্জয় কুমার মিশ্র | ৩৫ – ৪০ |
| একজন মৎস্য–চাষীর আত্মকথনঃ সুবোধ মন্ডল | ৪১ |
| কংসাবতীঃ মানস কুমার পালধী | ৪২ |
| রূপসায়রঃ চমক মজুমদার | ৪৩ – ৪৬ |

সহযোগিতায়ঃ ডঃ শেখ আবুল কাসেম
উৎপল নাথ
স্নেহাশিস ভট্টাচার্য্য
সন্দীপন ভদ্র
মোহন চট্টোপাধ্যায়

প্রচ্ছদঃ অভিজিৎ চক্রবর্তী
কালিগ্রাফিঃ চমক মজুমদার
মুদ্রনঃ এম.পি.আর.প্রিন্টার্স

# সংগঠনের কথা

ডঃ সেখ আবুল কাশেম
সাধারণ সম্পাদক

মৎস্য দপ্তরের আধিকারিকদের বৃহত্তম সংগঠন স্টেট ফিশারী অফিসার্স অ্যাসোসিয়েশন, ওয়েষ্ট বেঙ্গল এর ৩২ তম দ্বিবার্ষিকী রাজ্য সম্মেলনে উপস্থিত সকল সদস্য/সদস্যাগণ, আমাদের সংগঠনের অবসরপ্রাপ্ত সদস্য/সদস্যাগণ, উপস্থিত ভাতৃপ্রতিম সংগঠনের প্রতিনিধিবৃন্দ এবং আগত সকল অতিথিবৃন্দকে জাতীয়তাবাদী অভিন্দন, শুভেচ্ছা ও কৃতজ্ঞতা জানিয়ে বর্তমান পরিস্থিতির নিরিখে কিছু বক্তব্য নিবেদন করছি।

সংগঠনের প্রত্যেক সদস্য/সদস্যাদের ঐকান্তিক প্রয়াস এবং নিরলস পরিশ্রমের ওপর ভর করে সংগঠনের জন্মলগ্ন থেকে সুদীর্ঘ ৪৭ তম বছর অতিক্রান্ত করে আজ আমরা ৩২ তম দ্বিবার্ষিকী রাজ্য সম্মেলনের সন্ধিক্ষণে উপস্থিত হয়েছি। রাজ্যে মা-মাটি-মানুষের সরকার বিপুল সমর্থন নিয়ে দ্বিতীয়বার প্রতিষ্ঠিত হবার পরেও একইরকম ভাবে রাজ্যে উন্নয়নের ধারা অব্যাহত। রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়ের অনুপ্রেরণায় সংগঠনের প্রত্যেক সদস্য/সদস্যা উন্নয়নের বিভিন্ন কর্মযজ্ঞে নিজেদেরকে নিয়োজিত করে চলেছেন যা অত্যন্ত সাধুবাদযোগ্য।

মৎস্য দপ্তরের আধিকারিক হিসাবে আমরা প্রত্যেকেই কর্মজীবনের অধিকাংশ সময়টাই সমাজের সকল শ্রেণীর মৎস্যচাষী ও মৎস্যজীবিদের জন্য নিয়োজিত করে থাকি। মাছ চাষের অর্থকরি ও গ্রামীণ কর্মসংস্থানের দিকটি বর্তমান সরকারের ঐকান্তিক প্রচেষ্টায় ও আমাদের সংগঠনের বন্ধুদের সহযোগীতায় ক্রমশ বিজ্ঞানসম্মত অগ্রগতির দিকে এগিয়ে গিয়েছে। বর্তমানে রাজ্যে মাছের চাহিদা ও জোগানের সামঞ্জস্য বিধানের জন্য মৎস্য দপ্তরের বাজেট বৃদ্ধির মাধ্যমে মৎস্যচাষ প্রকল্প বৃদ্ধির মধ্য দিয়ে অসংখ্য প্রান্তিক, তপশীলি ও আদিবাসী মৎস্যচাষী ও মৎস্যজীবিদের অর্থনৈতিক মানোন্নয়ণ ঘটানোর জন্য মা-মাটি-মানুষের বর্তমান সরকারকে অভিনন্দন জানাই।এর ফলস্বরূপ বর্তমানে বিভিন্ন নতুন নতুন প্রকল্প যেমন বড় মাছের চাষ, ময়না মডেল থেকে শুরু করে 'জল ধরো জল ভরো' ইত্যাদি অসংখ্য প্রকল্পের সাথে সংগঠনের সদস্য/সদস্যারা কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করে অন্য রাজ্যের মৎস্যের উপর নির্ভরশীলতাকে কাটিয়ে মৎস্য উৎপাদন বৃদ্ধির মধ্য দিয়ে ব্যাপক

হারে নিবিড় মিশ্র মৎস্যচাষের ক্ষেত্র প্রস্তুত করতে সক্ষম হয়েছে।

আমাদের সংগঠনের দীর্ঘদিনের স্বপ্ন যে রাজ্য অবস্থিত প্রাথমিক মৎস্যজীবি সমবায় সমিতিগুলির সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে ঐ সমিতিগুলির সাথে যুক্ত মৎস্যজীবি পরিবারগুলিকে দপ্তরের বিভিন্ন জনহিতকর প্রকল্পগুলির মাধ্যমে স্বয়ংসম্পূর্ন ও আত্মনির্ভরশীল করে গড়ে তোলা। বিষয়টি ইতিমধ্যেই আমাদের সংগঠনের মাধ্যমে মাননীয় মৎস্যমন্ত্রীর সুনজরে পৌছে দেওয়া হয়েছে এবং মন্ত্রী মহোদয়ের সক্রিয় উদ্যোগে সমবায় সমিতিগুলির সদস্যগণের জীবনজীবিকা রক্ষার স্বার্থে এই মহতী প্রয়াস সফল হবে বলে বিশ্বাস রাখছি।

আমরা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করেছি যে স্বাধীনতার পর থেকে বিশেষ করে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শুরু থেকেই মৎস্য দপ্তর অবহেলিত। সঠিক প্রকল্প গ্রহন না করার ফলে মৎস্য উৎপাদন, মৎস্যজীবি এবং মৎস্যচাষীর আর্থ সামাজিক উন্নয়নের প্রতি বিশেষ নজর দেওয়া হয়নি। শুধু তাই নয়, আধিকারিকদের চাকুরিগত সুযোগ সুবিধা, পরিকাঠামোগত অন্যান্য একই ধরণের দপ্তরের আধিকারিকদের (যেমন কৃষি দপ্তর, প্রাণী সম্পদ দপ্তর) তুলনায় চুড়ান্ত বঞ্চিত করে রাখা হয়েছে। বিগত সময়ের সরকারের কাছে আমরা বার বার দৃষ্টি আকর্ষন করেও কোনো ফল পাইনি।

কিন্তু বর্তমানের মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতি মমতা বন্দোপাধ্যায় তার দূরদর্শীতায় ২০১২ সালেই বুঝতে পেরেছিলেন যে মৎস্য চাষের মতো সূর্যোদয়ের সেক্টরে প্রভূত উন্নতির জায়গা রয়েছে যার মাধ্যমে সরকারের রাজস্ব বৃদ্ধি ও বৈদাশিক মুদ্রা অর্জন সম্ভব। তাই ২০১৩ সালেই শুধুমাত্র মৎস্য দপ্তরের উন্নতির স্বার্থে গঠন করেছিলেন উচ্চক্ষমতা সম্পন্ন মন্ত্রীগোষ্ঠীর সমন্বয়ে 'স্পেশাল টাস্ক ফোর্স' যার রিপোর্ট অনুযায়ী মৎস্য দপ্তরের সাথে জড়িয়ে যাকে শিরোধার্য করে আগামী ২০২০ সালের মধ্যে মাছের উৎপাদন দ্বিগুণ করতে আমাদের প্রিয় সংগঠন বদ্ধপরিকর।

বিগত দুটি বছর আমাদের সংগঠনের কাছে সাংগঠনিক দিক দিয়ে বেশ গুরুত্বপূর্ণ ছিল। সময়ের চাহিদা মেনে দপ্তরের সকল আধিকারিকদের নিয়ে একটি মাত্র সংগঠন গড়ে তোলার চিন্তাভাবনা শুরু হয়েছিল। সেই চিন্তাভাবনাকে বাস্তবায়িত করার লক্ষ্যে সবার প্রথম হাতে হাত মেলানোর প্রস্তাব আসে দপ্তরের নতুন প্রজন্মের বি.এফ.এস.সি. দের

সংগঠন ডব্লু.বি.পি.এফ.জি.এ. (W.B.P.F.G.A.) এর তরফ থেকে। বিষয়টি নিয়ে আমাদের সংগঠনে বিস্তর আলোচনার পর ২০১৭ সালের জুন মাসে আসে সেই মাহেন্দ্রক্ষণ যেখানে দপ্তরের প্রায় ২ শতাধিক আধিকারিক একযোগে যোগদান করেন আমাদের প্রিয় সংগঠনে। এর ফলে নতুন ও পুরাতনের মেলবন্ধনে সংগঠনের শক্তি আরো বৃদ্ধি পায়। এরপর আমাদের সংগঠনের আহ্বানে দপ্তরের অন্যান্য সংগঠন থেকেও বিভিন্ন আধিকারিকদের যোগদান চলতেই থাকে, যা আজ কলেবরে বৃদ্ধি পেতে পেতে বর্তমানে প্রায় ৬ শতাধিক আধিকারিকদের একটি সংগঠন স্টেট ফিশারী অফিসার্স অ্যাসোসিয়েশন, ওয়েষ্ট বেঙ্গল হিসাবে বিস্তার লাভ করে। এই দূরদর্শী ও সময়োপযোগী সিদ্ধান্তের জন্য আমার সংগঠণের সকল সদস্য/সদস্যাদের ধন্যবাদ জানায়।

নির্মম হলেও একথা সত্য যে মৎস্য দপ্তরের বিভিন্ন পরিকল্পনাগুলির সুফল তৃণমূল স্তরে যাঁরা পৌছে দিচ্ছেন, দপ্তরের তথা রাজ্য সরকারের বিভিন্ন জনকল্যানমুখী ও উন্নয়নমূলক প্রকল্পগুলি যাঁরা দরিদ্র ও প্রান্তিক সীমায় অবস্থানকারী মৎস্যজীবিদের কাছে নিয়ে যাচ্ছেন, তাঁরা তাঁদের কর্মজীবনের প্রায় ৩০ বছর একই পদে (W.B.J.F.S. Gr-II) চাকুরী করে একটিও পদোন্নতির সুযোগ না পেয়ে চোখের জলে অবসর গ্রহণ করে চলেছেন এবং করবেনও - যা অত্যন্ত বিষাদের ও বিবণ ময়। অথচ মৎস্যদপ্তরের ব্যাকবোন যে আধিকারিকগণ (W.B.J.F.S. Gr-II) যারা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তৃণমূলস্তরের মৎস্য উৎপাদনের মধ্যদিয়ে অগ্রণী ভুমিকা গ্রহন করে চলেছেন তাদের চাকুরিগত উন্নয়ন তথা প্রমোশন অধরাই থেকে যাচ্ছে। এর জন্য বর্তমান মা মাটি ও মানুষ সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতি মমতা বন্দোপাধ্যায় এর নির্দেশে তৈরী করা 'স্পেশাল-টাস্ক ফোর্স' (Special Task Force) এর রিপোর্ট যার মূল লক্ষ্য মৎস্য দপ্তরের সার্বিক উন্নয়ন, তার অনুমোদনের অপেক্ষায় দিন গুনে চলেছি।

দীর্ঘদিন পর এফ.ই.ও. থেকে ডি.এফও. পদের পদোন্নতির আদেশনামা সংগঠনের দীর্ঘ আন্দোলনের জয়। আমাদের সকল সদস্যদের কাছেই বদলী একটা সংবেদনশীল বিষয়। কিছুদিন আগে প্রকাশ পাওয়া বদলীর আদেশনামা সদস্যদের প্রতি আমানবিক মানসিকতা প্রকাশ করে। প্রিয় সংগঠনের লাগাতার আন্দোলনের ফলশ্রুতি সেই আদেশনামার স্থগিতাদেশ। প্রিয় সংগঠনের লব্ধকরা এই জয় আমাদের অনুপ্রাণিত করবে।

এবার আমাদের কিছু প্রভাবিত পরিকল্পনা মৎস্যদপ্তরের গোচরীভূত করার জন্য দেওয়া হোল

১) সুন্দরবনের প্রত্যন্ত অঞ্চল বিশেষত: সাগর, পাথরপ্রতিমা, গোসাবা, বাসন্তী এবং তার সন্নিহিত অঞ্চলগুলি থেকে যে সমস্ত মৎস্যজীবিরা মাছ ও কাঁকড়া ধরতে গিয়ে বাঘ, কুমীর অথবা সাপের কামড়ে প্রাণ হারান, সেই দুস্থ পরিবারগুলির অবস্থা বিবেচনা করে তাদের প্রয়োজনীয় আর্থিক সাহায্য এবং পুনর্বাসন/কর্মসংস্থানের ব্যাবস্থা করা প্রয়োজন।

২) গভীর সমুদ্রে নিযুক্ত মৎস্যজীবিরা যারা অনেকে ঝড়ঝঞ্ঝায় পড়ে নিখোঁজ অথবা মারা যান, তাঁদের পরিবারের কর্মক্ষম অন্য সদস্য/সদস্যাকে মৎস্য দপ্তরের পক্ষ থেকে সরকারী সাহায্য হিসাবে মৎস্যযান ও মৎস্য ব্যবসার জন্য আর্থিক সাহায্য দেওয়ার প্রস্তাব রাখছি।

৩) রাজ্যের প্রত্যেক মৎস্য বাজারের তথাকথিত দরিদ্র মৎস্য বিক্রেতাকে ইলেক্ট্রনিক ডিজিটালাইজড ওজন যন্ত্র বিনামূল্যে সরবরাহ করার জন্য প্রস্তাব রাখছি।

৪) রাজ্যের সমস্ত জলাশয়গুলির (সরকারী ও ব্যাক্তিগত) সার্ভে করার জন্য প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের আবেদন জানাচ্ছি।

৫) মাছের রোগ প্রতিরোধক ব্যাবস্থা হিসাবে বিভিন্ন অ্যান্টিবায়োটিক এবং অন্যান্য প্রতিষেধকের জন্য প্রয়োজনীয় তালিকা সরকারীভাবে নথিভুক্ত করার জন্য প্রস্তাব রাখছি।

৬) ব্লক স্তরে জল ও মাটি পরীক্ষাগারগুলিকে আরও আধুনিক করে তুলে মৎস্য উৎপাদনে আরো বেশি সহযোগী করে তোলার জন্য প্রস্তাব রাখছি।

৭) সারা রাজ্যে প্রাণী বন্ধু/প্রাণী মিত্রার ন্যায় পঞ্চায়েত স্তরে মৎস্যবন্ধু নিয়োগের জন্য প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের আবেদন জানাচ্ছি।

৮) অবিলম্বে দপ্তরের শূন্যপদগুলির পূরণের জন্য আবেদন রাখছি।

৯) মৎস্য বিজ্ঞান বিষয়টিকে রাজ্য ডব্লু.বি.সি.এস. (W.B.C.S.) পরীক্ষায় ঐচ্ছিক বিষয় হিসাবে অন্তর্ভুক্ত করার জন্য আবেদন রাখছি।

১০) ICAR, Veterinary Council - এর মতো কেন্দ্রীয় কৃষিমন্ত্রীর উদ্যোগে ফিশারী কাউন্সিল (Fishery Council) গঠন করার জন্য পশ্চিমবঙ্গ সরকারের মৎস্য দপ্তরকে

প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য প্রস্তাব রাখছি।

পরিশেষে নবীন প্রবীণ সদস্য/সদস্যাদের মেলবন্ধনে অফুরান প্রাণচঞ্চলতা ও অভিজ্ঞতার মিশেলে আগামী লক্ষ্যে সকলকে অবিচল থেকে জয়কে নিশ্চিত করার আহ্বান জানিয়ে সকলকে এগিয়ে আসার আবেদন জানচ্ছি। আমি আশা ও বিশ্বাস রাখি যে আগামীদিনে যে নতুন চিন্তাভাবনার বিকাশ ঘটবে তা অতীতের সকল সাফল্য কে ছাড়িয়ে যাবে। আর আমাদের এই সংগঠন সেই ঐতিহাসিক সাফল্যের অংশীদার হয়ে কর্মচারীদের সঠিক দায়িত্বপালনের অনন্য নজির সৃষ্টি করে অগামী দিনে নূতন দিশা ও পথনির্দেশ করবে। সকলকে অকুণ্ঠ ধন্যবাদ ও শুভেচ্ছা জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

**স্টেট ফিশারী অফিসার্স অ্যাসোসিয়েশন, ওয়েষ্ট বেঙ্গল জিন্দাবাদ**

**পশ্চিমবঙ্গ রাজ্য সরকারী কর্মচারী ফেডারেশন জিন্দাবাদ**

STATE FISHERY OFFICERS' ASSOCIATION, WEST BENGAL
(Registration No-S / 2L / 1220)
PASCHIM BANGA RAJYA SARKARI KARMACHARI FEDERATION
60A Colootola Street, (3rd Floor), Kolkata - 73
Contact No. : 9432247034, 8902232445, 9433317649, 033-22156711


# STATE LEVEL OFFICE BEARERS OF S.F.O.A., W.B. FOR THE YEAR 2017-19

| | | | |
|---|---|---|---|
| 1 | President | Sri Debasish Kumar Khatua | 9432247034 |
| 2 | Working President | Sri Bidyut Mukherjee | 9433317649 |
| 3 | Vice President | Dr. Aninda Sundar Ghosh | 9433075044 |
| 4 | Vice President | Sri Subodh Kumar Mondal | 9477236984 |
| 5 | Vice President | Sri Sunil Kumar Adhikary | 9432906916 |
| 6 | Vice President | Sri Pranab Majumder | 9433106195 |
| 7 | Vice President | Sri Debasis Langol | 9433908063 |
| 8 | General Secretary | Dr. Sk. Abul Kashem | 9433342629 |
| 9 | Office Secretary | Sri Mukul Ghosh | 9433610560 |
| 10 | Treasurer | Sri Utpal Kumar Nath | 9433323824 |
| 11 | Joint Secretary | Dr. Kishore Dhara | 9433871262 |
| 12 | Joint Secretary | Sri Bikas Das | 9903092389 |
| 13 | Joint Secretary | Sri Arup Kumar Mondal | 9433430551 |
| 14 | Joint Secretary | Sri Amit Sen Sharma | 9007772393 |
| 15 | Joint Secretary | Sri Pankaj Saha | 9474508458 |
| 16 | Joint Secretary | Dr. Narayan Bag | 8768679176 |
| 17 | Joint Secretary | Sri Debashis Haldar | 8925621264 |
| 18 | Assistant Secretary | Sri Sampat Majhi | 9674048779 |
| 19 | Assistant Secretary | Sri Abhijit Bhattacharya | 9433350559 |
| 20 | Assistant Secretary | Sri Manas Dasgupta | 9007516444 |
| 21 | Assistant Secretary | Sri Suman Kalyan Das | 7003582749 |
| 22 | Assistant Secretary | Sri Kallol Kodali | 9153606099 |

# STATE FISHERY OFFICERS' ASSOCIATION, WEST BENGAL

(Registration No-S / 2L / 1220)

## PASCHIM BANGA RAJYA SARKARI KARMACHARI FEDERATION

60A Colootola Street, (3rd Floor), Kolkata - 73

Contact No. : 9432247034, 8902232445, 9433317649, 033-22156711


## District/Unit Committee of State Fishery Officers' Association, West Bengal 2017-19

| Sl No. | District | Post | Name | Mobile No |
|---|---|---|---|---|
| 1 | Paschim Medinipur | President | Kanailal Pati | 9474623973 |
| | | Secretary | Jayanta Sekhar Kuar | 9932015135 |
| 2 | Nadia | President | Subrata Chakroborty | 9432894421 |
| | | Secretary | Nibasi Chandra Das | 9434832809 |
| 3 | Birbhum | President | Sibaprasad Ghosh | 9153061571 |
| | | Secretary | Shubhendu Chowdhury | 9434083042 |
| 4 | Howrah | President | Tanmoy Mukherjee | 9874742067 |
| | | Secretary | Rabindranath Kundu | 9432827644 |
| 5 | Purulia | President | Ujjwal Kanti Ghosh | 8436485051 |
| | | Secretary | Pulak Priti Patra | 9007160988 |
| 6 | Malda | President | Swapan Arjya | 9800833033 |
| | | Secretary | Sunit Pal | 9851294245 |
| 7 | Uttar Dinajpur | President | Gunadhar Pal | 9434526475 |
| | | Secretary | Debasish Bandopadhyay | 9434247168 |
| 8 | Dakhin Dinajpur | President | Sajal Kumar Das | 9477149301 |
| | | Secretary | Nandadulal Chakraborty | 9903473923 |
| 9 | Siliguri | President | Goutam Nandi | 9832042613 |
| | | Secretary | Surojit Moitra | 9434327228 |
| 10 | Darjeeling | President | Sharda Shah | 9800118832 |
| | | Secretary | Sarthak Pradhan | 9434497353 |
| 11 | Jalpaiguri | President | Nimai Barman | 9474384674 |
| | | Secretary | Ankit Sharma | 8016580958 |
| 12 | Purbo- Medinipur | President | Ramkrishna Sarder | 9831503230 |
| | | Secretary | Ratan Kumar Maity | 9734548145 |
| 13 | Murshidabad | President | Gobinda Ch Dey | 9734830097 |
| | | Secretary | Sanjay Mishra | 9434413367 |
| 14 | Kulia-Kalyani | President | Kamal Kumar Goon | 9836811026 |
| | | Secretary | Subhendu Sekhar Bhuia | 9903019427 |
| 15 | North 24 prgs | President | Jagadish Mandal | 9062030609 |
| | | Secretary | Subrata Majumder | 9903930176 |
| 16 | South 24 prgs | President | Swapan Jana | 9874633816 |
| | | Secretary | Krishnen Mukherjee | 9051714354 |
| 17 | Bardhaman | President | Avijit Banerjee | 9832356639 |
| | | Secretary | Ayub All Mondal | 9474779544 |
| 18 | Bankura | President | Ashim Das | 9434414034 |
| | | Secretary | Krishanu Das | 9434689044 |
| 19 | Coochbehar | President | Debsankar Saha | 9434413408 |
| | | Secretary | Dr Bijoy Kr Gorai | 8293125090 |
| 20 | Hooghly | President | Somsekhar Banerjee | 9432219977 |
| | | Secretary | Pratik Mondal | 9433110409 |
| 21 | Kolkata | President | Sushanta Pal | 9874576070 |
| | | Secretary | Dilip Bhattacharyya | 9674911602 |
| 22 | Alipurduar | President | Sunil Ch BBarman | 9574288544 |
| | | Secretary | Debajit Kar | 9474719941 |

# STATE FISHERY OFFICERS' ASSOCIATION, WEST BENGAL

(Registration No-S / 2L / 1220)

## PASCHIM BANGA RAJYA SARKARI KARMACHARI FEDERATION

60A Colootola Street, (3rd Floor), Kolkata - 73
Contact No. : 9432247034, 8902232445, 9433317649, 033-22156711

## District/Unit Committee of State Fishery Officers' Association, West Bengal 2019-21

| Sl No. | District | Post | Name | Mobile No |
|---|---|---|---|---|
| 1 | Paschim Medinipur | President<br>Secretary | Manas Kumar Paladha<br>Swapan Chakroborty | 9433568802<br>9153307060 |
| 2 | Nadia | President<br>Secretary | Ramkrishna Sarder<br>Nibasi Chandra Das | 9831508230<br>9434832809 |
| 3 | Birbhum | President<br>Secretary | Golam Sabri<br>Mrinal Kanti Gangopadhyay | 9126557070<br>9434081779 |
| 4 | Howrah | President<br>Secretary | Tanmoy Mukherjee<br>Rabindranath Kundu | 9874742067<br>9432827644 |
| 5 | Purulia | President<br>Secretary | Gurai Chand Singh<br>Soham Panda | 9476437407<br>8926096209 |
| 6 | Malda | President<br>Secretary | Malay Kumar Das<br>Sunit Pal | 7908044027<br>9851294245 |
| 7 | Uttar Dinajpur | President<br>Secretary | Debasish Bandopadhyay<br>Prafulla Das | 9434247168<br>8972012006 |
| 8 | Dakhin Dinajpur | President<br>Secretary | Nandadulal Chakraborty<br>Sunit Mandal | 9903473923<br>9874718206 |
| 9 | Siliguri | President<br>Secretary | Goutam Nandi<br>Surojit Moitra | 9832042613<br>9434327228 |
| 10 | Darjeeling | President<br>Secretary | Sonam Tshewang<br>Sarthak Pradhan | 8116752619<br>9434437353 |
| 11 | Jalpaiguri | President<br>Secretary | Mrinal Kanti Biswas<br>Nimai Barman | 8617624783<br>8250187451 |
| 12 | Purba- Medinipur | President<br>Secretary | Surajit Kumar Bag<br>Ratan Kumar Maity | 9474505218<br>9734548145 |
| 13 | Murshidabad | President<br>Secretary | Gobinda Ch Dey<br>Sanjay Mishra | 9734830097<br>9434413367 |
| 14 | Kulia-Kalyani | President<br>Secretary | Kamal Kumar Goon<br>Pijush Kanti Das | 9836811026<br>9831818979 |
| 15 | North 24 prgs | President<br>Secretary | Swapan Jana<br>Pratap Chandra Ghosh | 8981496743<br>7003174882 |
| 16 | South 24 prgs | President<br>Secretary | Subodh Pramanik<br>Mrinal Kanti Naiya | 9433636592<br>9088293108 |
| 17 | Purba Bardhaman | President<br>Secretary | Dr Debasish Palui<br>Ayub Ali Mondal | 9477407939<br>9474779544 |
| 18 | Paschim Bardhaman | President<br>Secretary | Avijit Bandyopadhyay<br>Ajoy Kumar Singha | 9832356639<br>6295781038 |
| 19 | Bankura | President<br>Secretary | Ashim Kumar Das<br>Krishanu Das | 9434414084<br>9434689044 |
| 20 | Coochbehar | President<br>Secretary | Sourav Ghosh<br>Bijay Kumar Garai | 9593670083<br>9433502975 |
| 21 | Hooghly | President<br>Secretary | Som Sekhar Banerjee<br>Tanmoy Das | 9432219977<br>7980020145 |
| 22 | Kolkata | President<br>Secretary | Sushanta Pal<br>Mohan Chatterjee | 9874576070<br>9474727408 |
| 23 | Alipurduar | President<br>Secretary | Dilip Kumar Mondal<br>Bipul Majumder | 8348220911<br>9851570480 |
| 24 | Jhargram | President<br>Secretary | Kanailal Pati<br>Sandip Kumar Kotal | 9474623973<br>9474735734 |

# STATE FISHERY OFFICERS' ASSOCIATION, WEST BENGAL

(Registration No-S / 2L / 1220)

## PASCHIM BANGA RAJYA SARKARI KARMACHARI FEDERATION

60A Colootola Street, (3rd Floor), Kolkata - 73
Contact No. : 9432247034, 8902232445, 9433317649, 033-22156711

## State Fishery Officers' Association, West Bengal Central Executive Committee 2017-19

| Sl No. | District | Post | Name | Phone No |
|---|---|---|---|---|
| 1 | Paschim Medinipur | CEC Member | Pankaj Kr Saha | 9474508458 |
| 2 | | CEC Member | Kalishankar Ghosh | 9474995990 |
| 3 | | CEC Member | Indradeep Chakraborty | 9475819788 |
| 4 | | CEC Member | Dr. Suryakanta Sau | 9735919819 |
| 5 | Nadia | CEC Member | Bireshwar Chakraborty | 9434321975 |
| 6 | | CEC Member | Sumanto Biswas | 9932247798 |
| 7 | Birbhum | CEC Member | Ranjit Kr Mondal | 9474634950 |
| 8 | Howrah | CEC Member | Satyaranjan Mondal | 9836587623 |
| 9 | | CEC Member | Dr. Narayan Bag | 8768679176 |
| 10 | Purulia | CEC Member | Basanta Kr Das | 8293826177 |
| 11 | Malda | CEC Member | Dr Kishore Dhara | 7044066940 |
| 12 | Uttar Dinajpur | CEC Member | Gunadhar Pal | 9434526475 |
| 13 | Dakshin Dinajpur | CEC Member | Prasanta Biswas | 8145043528 |
| 14 | Siliguri | CEC Member | Ashis Dey Sarkar | 7908630027 |
| 15 | Derjeeling | CEC Member | Saral Gurung | 7319562989 |
| 16 | | CEC Member | Sonam Tsewang | 8918588210 |
| 17 | Jalpaiguri | CEC Member | Mrinal Kanti Biswas | 9153470851 |
| 18 | Purba Madinipur | CEC Member | Lakshmikanta Nayek | 9932881565 |
| 19 | | CEC Member | Subroto Som | 9434671948 |
| 20 | | CEC Member | Kaushik Maity | 9434104780 |
| 21 | Murshidabad | CEC Member | Manoranjan Paria | 9475354165 |
| 22 | | CEC Member | Shantanu Nandan Goswami | 8926211099 |
| 23 | Kulia-Kalyani | CEC Member | Dr Aninda Sundar Ghosh | 9433075044 |
| 24 | | CEC Member | Subodh Kr Mondal | 9477236984 |
| 25 | | CEC Member | Manas Dasgupta | 9007516444 |
| 26 | | CEC Member | Dr Chinmoy Chakraborty | 9830845907 |
| 27 | North 24 Parganas | CEC Member | Sampat Majhi | 9674048779 |
| 28 | | CEC Member | Debasis Bose | 9433660938 |
| 29 | | CEC Member | Pinaki Bose | 9830442236 |
| 30 | | CEC Member | Amit Sarkar | 9434366029 |
| 31 | | CEC Member | Arnab Ghosh Dastidar | 9051577971 |
| 32 | | CEC Member | Biswajit Sarkar | 9432340733 |
| 33 | | CEC Member | Chamak Majumder | 7980083369 |
| 34 | | CEC Member | Sandipan Bhadra | 9477962267 |

# STATE FISHERY OFFICERS' ASSOCIATION, WEST BENGAL

(Registration No-S / 2L / 1220)

## PASCHIM BANGA RAJYA SARKARI KARMACHARI FEDERATION

60A Colootola Street, (3rd Floor), Kolkata - 73

Contact No. : 9432247034, 8902232445, 9433317649, 033-22156711

## State Fishery Officers' Association, West Bengal Central Executive Committee 2017-19

| Sl No. | District | Post | Name | Phone No |
|---|---|---|---|---|
| 35 | South 24 Parganas | CEC Member | Arup Mondal | 9433430551 |
| 36 | | CEC Member | Bikash Das | 9903092389 |
| 37 | | CEC Member | Pranab Majumder | 9433106195 |
| 38 | | CEC Member | Jayanta Mondal | 9432805322 |
| 39 | | CEC Member | Amit Sensharma | 9007772393 |
| 40 | | CEC Member | Mrinal Naiya | 9088293108 |
| 41 | | CEC Member | Suman Kalyan Das | 7278884690 |
| 42 | | CEC Member | Mukul Ghosh | 9933610560 |
| 43 | | CEC Member | Kingshuk Mukhopahyay | 9933572489 |
| 44 | Burdwan | CEC Member | Chaudhury Mozammel Haque | 9475072821 |
| 45 | | CEC Member | Debashis Langal | 9433908063 |
| 46 | | CEC Member | Debasish Haldar | 8925621264 |
| 47 | | CEC Member | Subhas Das | 9609606355 |
| 48 | Bankura | CEC Member | Debashis Mondal | 8900335909 |
| 49 | | CEC Member | Pathik Chandra Mishra | 9475372068 |
| 50 | Coochbehar | | | |
| 51 | Hooghly | CEC Member | Shantanu Chowdhury | 94331139586 |
| 52 | | CEC Member | Kallol Kodali | 9153606099 |
| 53 | | CEC Member | Subrata Sarkar | 9432242315 |
| 54 | | CEC Member | Tanmoy Das | 9593562641 |
| 55 | Kolkata | CEC Member | Bidyot Mukherjee | 8240743037 |
| 56 | | CEC Member | Sunil Kr Adhikari | 9432906916 |
| 57 | | CEC Member | Debashis Khatua | 9432247034 |
| 58 | | CEC Member | Dr. Sk. Abul Kashem | 9433342629 |
| 59 | | CEC Member | Utpal Nath | 9051067670 |
| 60 | | CEC Member | Abhijit Bhattacharya | 9433350559 |
| 61 | | CEC Member | Naba Kr Gupta | 9432645964 |
| 62 | | CEC Member | Subrata Roy | 9434360585 |
| 63 | Alipurduar | | | |

# STATE FISHERY OFFICERS' ASSOCIATION, WEST BENGAL

(Registration No-S / 2L / 1220)

## PASCHIM BANGA RAJYA SARKARI KARMACHARI FEDERATION

60A Colootola Street, (3rd Floor), Kolkata - 73

Contact No. : 9432247034, 8902232445, 9433317649, 033-22156711

## ZONAL COMMITTEE 2017-19

| Sl No. | Zone | Convenor | Members |
|---|---|---|---|
| 1 | Kolkata | Dr. Anindya Sundar Ghosh | 1. Sunil Adhikary |
| | | | 2. Bikash Das |
| | | | 3. Subodh Pramanik |
| | | | 4. Tanmoy Mukherjee |
| | | | 5. Subrata Majumder |
| | | | 6. Krishnen Mukherjee |
| | | | 7. Protik Mondal |
| | | | 8. Arup Mondal |
| | | | 9. Amit Sensharma |
| | | | 10. Suvomoy Ghosh |
| | | | 11. Ayub Ali Mondal |
| | | | 12. Rabindranath Kundu |
| 2 | Western Zone | Pankaj Kumar Saha | 1. Ashim Das |
| | | | 2. Jayanta Sekhar Kuar |
| | | | 3. Laxmikanta Nayek |
| | | | 4. Krishanu das |
| | | | 5. Pulak Priti Patra |
| | | | 6. Ratan Maity |
| | | | 7. Dr Surjya Kanta Sahoo |
| 3 | Central Zone | Bireswar Chakroborty | 1. Sanjay Mishra |
| | | | 2. Suvendu Sekhar Bhuiyan |
| | | | 3. Suvendu Chowdhury |
| | | | 4. Nibasi Das |
| | | | 5. Suvendu Halder |
| 4 | Gourbanga Zone | Dr. Kishore Dhara | 1. Debashish Banerjee |
| | | | 2. Nandadulal Chakroborty |
| | | | 3. Sumit Mandal |
| | | | 5. Prafulla Das |
| | | | 6. Swapan Arjya |
| 5 | Northern Zone | Bipul Majumder | 1. Sonam Tsewang |
| | | | 2. Surojit Maitra |
| | | | 3. Sarthak Pradhan |
| | | | 4. Debajit kar |
| | | | 5. Bijay Gharai |
| | | | 6. Suman Kar |

# বিদায় বন্ধু



অতনু বসাক

( ১৯৭০-২০১৯ )

স্মৃতিচারনে মোহন চট্টোপাধ্যায়

অতনুকে প্রথম দেখি ১৯৯৬ এর অক্টোবরে বারাসাত মীনভবনে। আমাদের ব্যাচের মৎস্যচাষ সম্প্রসারন আধিকারিকদের প্রি সার্ভিস ট্রেনিং হয়েছিল বারাসাত মীনভবন এবং জুনপুটে। কলকাতা সংলগ্ন যাদের বাড়ী বা যারা বাড়ী থেকে নন রেসিডেন্সিয়াল ট্রেনিং করতে পারবে তাদেরই ট্রেনিং হয়েছিল বারাসাতে। বাকিদের জুনপুটে।

কদিন পর জানলাম অতনু আমার সতীর্থ, বালিগঞ্জ সায়েন্স কলেজ এর প্রাণীবিদ্যার ছাত্র, আমার দু বছরের জুনিয়র। ১৯৯৭ ব্যাচের অনেকেই কাছাকাছি বছরের প্রাণীবিদ্যার স্নাতকোত্তর ছিলাম। ১৯৯১ এ আমি, ১৯৯৩ এ অতনু, ১৯৯৪ এ স্নেহাশিস, ১৯৯৫ এ অমলেন্দু (বর্তমানে ADF পদে আসীন) আর পীযূষ, আর ১৯৯৬ এ শ্রী কিশোর ধাড়া (বর্তমানে DDF পদে আসীন)। ধীরে ধীরে আরও জানলাম অতনু ওদের বছরে কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাণীবিদ্যায় BSc অনার্সে প্রথম শ্রেনীতে প্রথম।

ট্রেনিং এর সময় অতনুরা কলকাতা থেকে ট্রেনে বারাসাত আসত। ওদের একটা গ্রুপ তৈরী হয়ে গেছিল। আজ বুঝি সেটা খুবই স্বাভাবিক। সাতজনের দল। আমরা বাকিরা ঐ গ্রুপটার নাম দিয়েছিলাম পঞ্চপান্ডব উইথ দ্রৌপদী আর কর্ণ। অতনু ওর সুন্দর, সুগঠিত, রোবাস্ট চেহারার জন্য মধ্যম পান্ডব ভীমের নাম পেয়েছিল। আমরা জানতাম না অলক্ষ্যে সেদিন ভাগ্যদেবী ক্রূর হাসি হেসেছিলেন৷

ট্রেনিং এর পর পোস্টিং। বারাসাত এর প্রায় ৩০/৩৫ জন ট্রেনির ভিতর আমি আর অতনু বর্ধমানে। আমি গলসি ১,আর অতনু অন্ডাল। সেখান থেকে আমি কলকাতায়

এলাম M&P তে, কিছুদিন পর অতনুও ক্যানিং ওয়ার্ল্ড ব্যাঙ্ক প্রোজেক্টে। তখন ওকে প্রায়ই M&P তে আসতে হতো। সে সময় থেকেই কাছাকাছি আসা শুরু। ফোন করতো প্রায়শই।

সুন্দর ছবি আঁকতো। ট্রেনিং চলার সময়ই ওর এই গুণের প্রকাশ পেয়েছিল। বসে থাকলেই হাতে পেন নিয়ে খুব সুন্দর স্কেচ করত। সেই সময় কল্যানী রিসার্চ থেকে চিংড়ির ওপর একটি সুন্দর বুকলেট প্রকাশ করা হয়। তৎকালীন উপ মৎস্য অধিকর্তা (রিসার্চ) শ্রদ্ধেয় ডঃ কমল কুমার সেনগুপ্ত মহাশয় ট্রেনি অতনুর ওপর ভার দিয়েছিলেন চিত্রাঙ্কনের। বলা বাহুল্য অত্যন্ত দক্ষতার সাথে সেই কাজ সম্পন্ন করে অতনু।

শুরু থেকেই দেখেছি ওর কম্পিউটার সম্পর্কে আগ্রহ ছিল প্রবল। যত সময় এগিয়েছে, কম্পিউটারের অগ্রগতির সাথে সাথে নিজেকে আপডেট করত। কম্পিউটার আর ইলেকট্রনিক গ্যাজেট সম্পর্কে ওর জ্ঞান ছিল ঈর্ষনীয়। আমাদের দপ্তরের বহু বইয়ের প্রচ্ছদ আর ভিতরের অঙ্গসজ্জায় আছে অতনুর হাতের ছোঁয়া। যাঁরা ওর ফেসবুক ফ্রেন্ড ছিলেন তাঁরা জানেন গত FIFA World Cup চলার সময় অতনু বেশ কিছু ফুটবলারের অসাধারণ স্কেচ এঁকে পোষ্ট করেছিল। ভাল সাঁতারু ছিল। ভাল গাড়ী চালাতো। কল্যানী পোস্টিং এর সময় খুব effective একটা gravel filter এর ডিজাইন করেছিল। এগুলো এখন সবই মেমরি লেনে।

এবার বলবো ওর প্যাশন ফটোগ্রাফি নিয়ে। ছোটবেলা থেকেই ফটোগ্রাফি আর ক্যামেরার প্রতি আমার ছিল অদম্য টান। কিন্তু এই সখটি ব্যয়বহুল হওয়ায় প্রায় অধরাই থেকে গেছিল বহুদিন। কলেজে পড়ার সময় একটা বক্স ক্যামেরা আর ফ্ল্যাশ কেনার টাকা পেয়েছিলাম। তারপর ছাত্র পড়ানোর টাকা জমিয়ে কিনেছিলাম স্বপ্নের Asahi Pentax SLR Camera আর Accessories-নব্বই এর দশকে এক বেকারের কাছে সেটা বিলাসিতাই ছিল। অনেকেই বকাবকি করেছিল। কেনার পরপরই এই ফিশারীর চাকরী। ট্রেনিং এর সময়ই জানলাম অতনুর ফটোগ্রাফি প্রেম আর ছবি তোলার দক্ষতার কথা। কলকাতায় আসার পর প্রায়ই আমাদের এই কমন ইন্টারেস্ট নিয়ে কথা হত। বলা যায় প্রতিবার আলোচনার পর আমি সমৃদ্ধ হতাম, জানতে পারতাম অনেক কিছু। বেশ কয়েকদিন অতনুর সাথে কলকাতায় Photography day outing করেছি। তখন অবাক হয়ে দেখেছি ওর conception, শিখছিলামও অনেক। Eastern Railway র

১৫০ তম বার্ষিকী উপলক্ষে Steam Loco র ছবি তুলতে আমরা দুজন গেছিলাম বৈদ্যবাটী আর ব্যান্ডেল স্টেশনে। সেই স্মৃতি আজও অমলিন। যে সময় আমাদের এই ভালোলাগার জায়গায় একটা মেলবন্ধন তৈরী হচ্ছে, ঠিক সেই সময় আমার বদলী হল সুন্দরবনের প্রত্যন্ত এক ব্লকে। ছেদ পড়ল আমাদের যৌথ ফটোগ্রাফি চর্চায়।

তখন আমি ন্যাজাটে। আমার জন্য দরকারী খুব গুরুত্বপুর্ণ একটা খবর অতনু আমাকে ফোনে জানিয়েছিল। জানতো ওই খবরটা আমাকে জানানো দরকার। কি সেই খবর? না, সেটা ও আর আমিই জানি। খবরটা আমাদের দুজনের মধ্যেই ঘুমিয়ে থাকবে।

অনেক বছর পর হাঁচোড় পাঁচোড় করে উঠে এলাম বারাসাত FFDA তে। ততদিনে SLR এর যুগ শেষ, কিন্তু DSLR এর অনেক দাম। কিছু ফাঁকা টাকা পেয়েছিলাম ব্লকে সেন্সাস আর ইলেকশন করে। বললাম, অতনু ক্যামেরা কিনবো। বাজেট জেনে ওই বলল DSLR তো হবে না রে, তুই বরং Cannon SX 160S টা দেখতে পারিস। কেন ওই ক্যামেরা কিনবো তার ব্যাখ্যাও দিল। ছুটির দিনে আমার জন্য ধর্মতলায় এসে কিনেও দিয়েছিলো। শুধু তাই কেনো, এবার শীতে আন্দামান যাবার আগে হঠাৎ খেয়াল হল ক্যামেরার ব্যাটারী নেই। আর আমার কেনার সময়ও নেই। কি কারণে যেন অতনু ফোন করেছিল। শুনেই বলল, আগামীকাল অফিসে আসছিস তো? চিন্তা করিস না,আমি কিনে দিয়ে আসব। কিনে দিয়ে গেছিলও। শুধু আমি নয়, কেউ কিছু বললে কোনদিন না বলতে শুনিনি। সবসময় মুখে লেগে থাকতো হাসি। আর ভালোবাসতো ঘুরতে। ছোট থেকেই বাবার সাথে অনেক ঘুরেছে। ভারতের অনেক জায়গা দু/তিনবার করে ঘোরা। লাক্ষাদ্বীপ আর হিমাচল মনে হয় প্রিয় ছিল। আমি তো কোথাও বেড়াতে গেলে অতনুর কাছে একটা গাইডেন্স নিতাম। বলেও দিত খুব সুন্দর করে। বলেছিল, এই বছর মেয়ের ISC পরীক্ষার পর LTC নিয়ে বিদেশে যাবার ইচ্ছা। সেটা অপূর্ণ থেকে গেল। আর, ওর বিষয়ভিত্তিক জ্ঞানও ছিল চোখে পড়ার মতো। প্রাণীবিদ্যা তো বটেই, যে কোন বিষয়ে ওর সাথে আলোচনা করে satisfaction পাওয়া যেত। কোন বিষয় আপনি জানেন না বলে কোনও রকম ব্যঙ্গ বা রসিকতা করতো না। আবার ওর ভালো করে জানা না থাকলে আন্দাজে কিছু বলতো না, বলত, দাঁড়া একটু দেখে নিয়ে বলছি। করতোও তাই। ইংলিশে একটা কথা আছে Deep conversation with right people is priceless. খুব কম মানুষের সাথে কথা বলে এই তৃপ্তি পাওয়া যায়। অতনু অকালে চলে

যাওয়াতে আমি এরকম একজন কথা বলার মানুষকে হারালাম। কত সহকর্মীর ছেলে মেয়েদের Scrape Book বানিয়ে দিয়েছে, ছবি এঁকে দিয়েছে, সাথে থেকেছে যে তার তালিকা লিখে শেষ হবেনা।

এসবের মধ্যেই বেশ কিছু বছর আগে ওর লিভারে বাসা বেঁধেছিল কঠিন অসুখ। লিভার কাজ করতো না ঠিকঠাক। সাথে জটিল গল স্টোন। বুঝতে পেরেছিল দিন সংখ্যা কমে আসছে। কিন্তু তার জন্য মুখের হাসি কখনও মলিন হয়নি, আর আসেনি কর্তব্যে গাফিলতি। অনেক উঁচু পদে আসীন হবার যোগ্যতা ছিল। কোনদিন কিছু বললে মুখে না শুনিনি- সে অফিসিয়াল, সাংগঠনিক বা ব্যক্তিগত যাই হোক না কেন। আসলে এত গুণের অধিকারী ছিল যে বলে শেষ করা যাবে না। আমাদের ৯৭ ব্যাচের সকল মৎস্যচাষ সম্প্রসারন আধিকারিকদের নিয়ে মূলতঃ অতনুর উদ্যোগে গত ২০১৭ সালের বার্ষিক সাধারন সভায় "Fishery 97" নামে আড্ডা ও ভ্রমণের একটি Whatsapp Group তৈরি হয়। আমাদের প্রথম ভ্রমণ বাংরিপোশি, উড়িষ্যা। ও সবটাই পরিচালনা করলেও শেষ পর্যন্ত শারীরিক কারণে আর যেতে পারেনি। এ দুঃখ ভোলার নয়। চিরবিদায়ের কদিন মাত্র আগে আমাকে Whatsapp করে জানতে চেয়েছিল বাড়ী ফিরেছি কিনা। বাড়ী ফিরে কল ব্যাক করতে মামুলি কিছু কথা বলেছিল। কিন্তু বিষয়টা আমার কেমন যেন লেগেছিল, যেটা তখন বুঝিনি। অতনুও আর ভাঙ্গেনি। কি বলতে চেয়েছিল অতনু সেটা আর কোনদিন জানা হবে না।

## হ্যাচারীতে পোনা মাছের ডিম, হ্যাচলিং ও ডিমপোনার স্বাস্থ্যের সাধারণ সমস্যা ও প্রতিকার এবং তার পরিচলন ব্যবস্থাঃ

পীযুষ কান্তি দাস
সহ মৎস্য আধিকারিক, কল্যাণী ফিস ফার্ম

পোনা মাছের হ্যাচারীতে মাছের জীবনচক্রের বৃদ্ধি ও পরিস্ফূরণের তিনটি দশা সম্পন্ন হয় -

১) ডিম (Egg)

২) হ্যাচলিং (Hatchling)

৩) ডিমপোনা (Spawn)

ডিম গোলাকার হয়। স্বাস্থ্যবান ডিম উজ্জ্বল। প্রতিটি নিষিক্ত ডিমের ভিতর স্পষ্ট ছোট সাদা গোল দাগের (Spot) মতো অংশ পরিলক্ষিত হয়, যা প্রকৃতপক্ষে মাছের ভ্রূণ। যে ডিমগুলির ভিতর ভ্রূণের এই বৃদ্ধি দৃশ্যমান হয় না অর্থাৎ ভিতরটা ঘোলাটে হয়, সেগুলি নষ্ট হয়ে যাওয়া ডিম। নিষিক্ত (Fertilization) হবার ১৪-১৫ ঘন্টা পর সুস্থ ডিমের ভিতর ভ্রূণের নড়ন-চড়ন (Twitching Movement) পরিলক্ষিত হয়। ১৮-২০ ঘন্টা পরে ডিম ফুটে বাচ্চা বের হয়। একে হ্যাচলিং বলে। সদ্যোজাত হ্যাচলিং - এর শরীরে কোনো রঞ্জক কণা (Pigment) থাকে না অর্থাৎ তারা রঙ বিহীন ও স্বচ্ছ হয়। এদের মাথা (Head), ধড় বা দেহকান্ড (Trunk) এবং লেজ (Tail) বেশ স্পষ্ট। এদের কুসুম থলি (Yolk Sac) থাকে। হ্যাচলিং -এর দৈর্ঘ্য ৩ মিমি - ৫ মিমি হয়। দুইদিন বয়স পর্যন্ত এদের হ্যাচলিং বলে। তারপর তিনদিন বয়স থেকে এদের মুখ, খাদ্যনালী, কানকো ও পাখনা গজাতে শুরু করে। তখন এদের ডিমপোনা বলে। এদের দৈর্ঘ্য ৬ মিমি - ৮ মিমি হয়ে থাকে এবং এদের কুসুম থলি থাকে না। এদের শরীরে রঞ্জক কণার উপস্থিতি ঘটে।

হ্যাচারীতে মাছের নিষিক্ত ডিমের স্বাস্থ্য ভালো রাখার জন্য এবং যাতে সঠিক সময়ে এই ডিম ফুটে বাচ্চা বের হয়, তার জন্য এই সময় হ্যাচিং পুলের জলের কয়েকটি প্রয়োজনীয় শর্তের পরিচালনার (Management) প্রয়োজন। জলের এই গুরত্বপূর্ণ শর্তাবলী হল - ক) দ্রবীভূত অক্সিজেন (Dissolved Oxygen) ৪.৫ - ৫.৫ পিপিএম খ) তাপমাত্রা (Temperature) ২৮ - ৩০ ডিগ্রী সেন্টিগ্রেড

গ) পি এইচ ৭.৫ ঘ) মোট ক্ষারকীয়তা (Total Alkalinity) ৮০ পিপিএম

ঙ)জলের ঘূর্ণন গতি (Rotational Speed) ০.৪ মিটার /সেকেন্ড

প্রসঙ্গত উল্লেখ্য যে, জলে দ্রবীভূত অক্সিজেন ৩ পিপিএম এর কম হলে, মোট ক্ষারকীয়তা ১০০ পিপিএম - এর বেশী হলে, পিএইচ মাত্রা ৬.৫এর কম হলে, জলের তাপমাত্রা ৩৫° সেন্টিগ্রেডের বেশী হলে, জলের ঘূর্ণণ গতি ০.৬ মিটার / সেকেন্ড এর বেশী

হলে এবং ডিমের পরিমাণ বা সংখ্যা হ্যাচিং পুলের আয়তনের (Volume) তুলনায় বেশী হলে অর্থাৎ ৭ লাখ ডিম / ঘনমিটার - এর বেশী হলে ডিমগুলি তাড়াতাড়ি ফুটে বাচ্চা বের হয়। ফলে বাচ্চাগুলি অপরিণত (Immature) হয় এবং সুস্বাস্থ্যের অধিকারী হয় না। সেই জন্য হ্যাচলিংগুলির বাঁচার হার (Survivel) কমে যায়।

আবার, যদি জলের তাপমাত্রা ২৫°সেন্টিগ্রেডের কম হয়, মোট ক্ষারকীয়তা ৬০ পিপিএম এর কম হয় এবং জলের ঘূর্ণণ গতি ০.৩ মিটার / সেকেন্ড - এর কম হয়, তাহলে ডিম ফুটে বাচ্চা বের হতে সময় বেশী লাগে। এক্ষেত্রেও, বাচ্চাগুলি ক্লান্ত থাকে এবং সুস্থ্যোর অধিকারী হয় না। সেজন্য তাদের বাঁচার হার কমে যায়।

ডিমপোনার স্বাস্থ্য ভালো রাখার জন্যও উপরের শর্তগুলি মেনে চলা অবশ্যই প্রয়োজন।

হ্যাচারীতে পোনা মাছের বাচ্চাদের স্বাস্থ্য পরিচালনার (Health Management) ক্ষেত্রে বাচ্চদের খাবার খাওয়ানোর ব্যাপারটাও গুরুত্বপূর্ণ। ডিম ফুটে বাচ্চা বের হওয়ার পর প্রথম তিনদিন কোনো খাবার দেবার প্রয়োজন নাই । কারণ এই সময়ে হ্যাচলিং তাদের কুসুম থলি থেকেই খাবারের জোগান পায়। তিন দিন পরে বাচ্চাগুলি (ডিমপোনা) বাইরের খাবার খেতে শুরু করে এবং এই সময়ে তাদের জুপ্ল্যাংকটন খাবার হিসাবে দেওয়া যেতে পারে। অতিরিক্ত খাবার দিলে তাদের নানা শারীরিক সমস্যা দেখা দিতে পারে এবং জলেরও দূষণ ঘটে। ফলে তাদের মড়ক ঘটে। মাছের বাচ্চারা যদি সঠিক ভাবে সাঁতারকাটে এবং যদি তাদের শরীরের রঙ (Pigmentation) ২ - ৩ দিনের মধ্যে চলে আসে, তাহলে বুঝতে হবে যে তারা স্বাস্থ্যবান। অন্যথায় বুঝতে হবে যে তাদের কোনা একটা সমস্যা ঘটেছে। ফলে তাদের সড়ক আংশিক বা পুরোপুরি ঘটতে পারে।

নীচে হ্যাচারীতে পোনামাছের বাচ্চাদের কিছু স্বাস্থ্য সমস্যা ও তার প্রতিকার সম্বন্ধে আলোচনা করা হোলো -

১) হ্যাচারীতে দ্বিতীয় ও তৃতীয় দিনে হ্যাচলিংগুলি সাদা হয়ে যেতে পারে । প্রথমে তাদের কুসুম থলি সাদা হয়ে যায়। তারা তখন জলের উপরের স্তরে (Surface) ভাসতে থাকে এবং মারা যায়। এই সমস্যাকে বলে লিউকো-লার্ভা সিনড্রোম (Leuco-larva syndrome or LLS)। ৪-৫ দিনের ডিমপোনাতেও এই ধরণের সমস্যা দেখা দিতে পারে। তখন তাকে বলে হোয়াইট স্পন সিনড্রোম (White Spawn Syndrome বা WSS)। জলের মোট ক্ষারকীয়তা (প্রধানতঃ কার্বনেট ক্ষারকীয়তা) ১৫০ পিপিএম এর বেশী হলে এই ধরণের সমস্যা দেখা দেয়। এক্ষেত্রে ফিটকিরী বা alum ব্যবহার করলে মাছের বাচ্চাদের মড়ক হার (Mortality) কমে যায়।

[ 'সিনড্রোম' কথটির অর্থ হলো 'কারণ একটি-ফল অনেক' অর্থাৎ 'One cause-many effects' ]

২) আবার, কখনও দ্বিতীয় দিনের হ্যাচলিং এর কুসুম থলি অঞ্চলে দেহ গহ্বরে জলীয় পদার্থ জমে যায়। এই সমস্যাকে বলে স্ফেরোসিলোমিক সিনড্রোম (Spherococlomic Syndrome) বা কুসুম থলিতে 'জলীয় পদার্থ জমা' (Yolk Sac dropsy)। এক্ষেত্রে, হ্যাচলিংগুলি তিনদিনের মধ্যে মরে যায়।

৩) হ্যাচিং পুলে যে ডিমগুলি নষ্ট হয়ে যায় এবং হ্যাচলিং ও ডিমপোনাগুলি মরে যায়, সেগুলি পচে (decomposed) যাওয়ার ফলে হ্যাচিং পুলে ছত্রাকের সংক্রমণ (fungal infestation) ঘটতে পারে। হ্যাচিং পুলে কাজ শুরু করার আগে এটিকে ঠিকমতো না ধুলে ও পরিষ্কার না করলে এই ধরণের ছত্রাক সংক্রমণ দেখা দিতে পারে। আবার, হ্যাচিং পুলে চালু জলের ঘূর্ণন গতি ঠিকঠাক না হলে অর্থাৎ আকাঙ্খিত ঘূর্ণন গতির থেকে কম হলে জলে অবাত পরিবেশ (anaerobic environment)-এর সৃষ্টি হয়, ফলে ছত্রাকের সংক্রমণ ঘটতে পারে। এই ধরণের সমস্যা যাতে দেখা না দেয় তার জন্য যে নীতি অবলম্বন করতে হবে, তা হল 'Prevention is better than cure' অর্থাৎ হ্যাচারী চালু করার আগেই ব্রিডিং পুল বা স্পনিং পুল এবং হ্যাচিং পুলকে জল ও ব্লিচিং পাউডার দিয়ে ধুয়ে রৌদ্রে শুকিয়ে (sun drying) নিতে হবে।

৪) আবার, কিছু কিছু সময়ে যদি দেখা যায় যে, ডিমপোনাগুলি তাদের পেট বা উদর (abdomen) উপরের দিকে করে জলের উপরের স্তরে (surface water) 'চিৎ সাঁতার' কাটছে, তাহলে বুঝতে হবে যে, তাদের পেটে বাতাস বা গ্যাসের বুদবুদ (bubble) সৃষ্টি হয়েছে। এই সমস্যাকে বলে গ্যাস বাব্‌ল্ সিনড্রোম (Gas Bubble Syndrome বা GBS)। জলে অক্সিজেন প্রয়োজনের তুলনায় অনেক বেশী দ্রবীভূত হলে এই ধরণের সমস্যা দেখা দেয়। এই সমস্যা দেখা দিলে হ্যাচিং পুলের ঝরণা (shower) বন্ধ করে দিতে হবে। এয়ার-কম্প্রেসার চালু থাকলে তা বন্ধ করে দিতে হবে। জলের ঘূর্ণন গতি যাতে বেড়ে না যায়, সেদিকে লক্ষ্য রাখতে হবে।

সুতরাং, হ্যাচারীতে পোনা মাছের ডিম, হ্যাচলিং ও ডিমপোনার স্বাস্থ্যের পরিচালন ব্যবস্থার (health management system) সবসময় নজর রাখতে হবে এবং ডিমপোনাকে সঠিক সময়ে সঠিক ভাবে আঁতুড় পুকুরে (nursery pond) স্থানান্তরিত করতে হবে, কারণ 'আজকের শিশুই হল ভবিষ্যতের পিতা-মাতা'।

# হ্যাচারী ব্যবস্থাপনায় ব্রুড ফিডের প্রয়োজনীয়তা

শ্যামল কুমার ঘোষ, সহ গবেষণা আধিকারিক,
মিঠা জল মৎস্য গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্র, পশ্চিমবঙ্গ সরকার

হ্যাচারী ব্যবস্থাপনায় অনেক ধরনের হরমোনের প্রয়োগ করা হয়েছে কিন্তু পরিপক্ক স্ত্রী অথবা পুরুষ মাছের খাদ্যের গুনগত মান নিয়ে কাজ খুব কম হয়েছে। এই উদ্দেশ্যে বিভিন্ন কোম্পানী ও গবেষনাগার মাছের জন্য একটি খাদ্য তৈরী করে যা ব্যবহার করে এটি প্রমান করা যায় যে এই খাদ্য পুকুরে দেওয়া হলে মাছের ডিমের নিষিক্তকরনের হার, ডিমের প্রস্ফুটনের হার (হ্যাচিং) বেশী ও ডিমপোনা কেটে যাওয়ার হার কম হয়। যেখানে বাজারে পাওয়া যাওয়া খাবার ব্যবহার করে মাছের পরিপক্কতা আসতে 50-55 দিন দেরী হয়, সেখানে ব্রুড ফিড ব্যবহার করে 40-55 দিন পর মাছের পরিপক্কতা এনে দেওয়া সম্ভব। ছোট মাছকে (দুই বছরের কম) ব্রুড ফিড খাওয়ালে, তার ডিম্বাশয় বা শুক্রাশয়ের পরিপক্কতা দ্রুত বৃদ্ধি পায়। তাই যেসব হ্যাচারীতে ব্রুড ফিড সরবরাহ করা হচ্ছে ; সেইসব হ্যাচারীতে অতি অবশ্যই একটি চুক্তি থাকা প্রয়োজন যে তারা এই খাবারটিকে অপব্যবহার করবেন না।

## বাহ্যিক পরিপক্কতাঃ (এক্সটারনাল ম্যাচুরিটি)

স্ত্রী মাছের বাহ্যিক পরিপক্কতা জানার জন্য মাছের পেটে চাপ দিলে, ডিম বেড়িয়ে আসে। কাতলার ক্ষেত্রে লক্ষ্য করা গেছে যে পেটে প্রচুর পরিমান চর্বি থাকে, সেক্ষেত্রে কাতলার পেটে চাপ দিলে ডিমগুলো ঠিকমত বেড়িয়ে আসতে পারে না। এই সমস্যা সমাধান করার জন্য বিভিন্ন ধরনের হরমোন ব্যবহার করতে হয়। হরমোনের কাজ হচ্ছে ডিমগুলো যেগুল জমাট বেধে থাকে, সেগুলো আলাদা করে দেওয়া। এর ফলে ডিমগুলো সহজেই বেড়িয়ে আসে। পুরুষ মাছের ক্ষেত্রে, পরিপক্কতা আসলে বক্ষ্য পাখনা খসখসে হয়ে যায়। পুরুষ মাছের পেটে চাপ দিলে , সাদা মিল্ট বেড়িয়ে আসে।

ব্রুড ফিডের কার্যকারিতা স্ত্রী মাছের উপর বেশি। এর কারনে ব্রুড ফিড ব্যবহার করলে স্ত্রী মাছের পরিপক্কতা আগে এসে যায়। পুরুষ মাছকে ব্রুড ফিড 10-15 দিন আগে খাওয়ানো শুরু করলে, স্ত্রী ও পুরুষ মাছের পরিপক্কতা একই সময়ে আনা সম্ভব।

**২) ডিমের পরিমাণ (Fecundity)**

ডিমের পরিমানের মান জানার জন্য Sedgewig Rafter Cell ব্যবহার করা হয়।

ডিমের পরিমান 1.5-2 লক্ষ্য/কেজি লক্ষ্যনীয়, ব্রুড ফিড ব্যবহার করলে তা 10% বেশি হয়। এর ফলে ডিমপোনার মোট উৎপাদন বৃদ্ধি পায়। পুরুষ মাছের ক্ষেত্রে, ব্রুড ফিড খাওয়ানোর পর শুক্রানুর সংখ্যার কোন হেরফের হয় না। সেক্ষেত্রে স্ত্রী এবং পুরুষ মাছকে আলাদা আলাদা পুকুরে রাখা যেতে পারে। ব্রুড ফিডের দাম বেশী। পুরুষ মাছকে সাধারন খাওয়ার দেওয়া হলে, ফার্মের খরচ কমবে।







৩) ডিম্বাশয়/শুক্রাশয়ের পরিপক্কতার সূচক (জি.এস.আই)

ডিম্বাশয় অথবা শুক্রাশয় সঙ্গে মাছের ওজনের অনুপাত তাকে জি.এস. (গোনাডো সোমাটিক) সূচক বলে। ডিমের পরিমানের সঙ্গে জি.এস সূচকের সমানুপাতিক সম্পর্ক রয়েছে। ডিমের পরিমান বেশী হলে জি.এস সূচক বেশী হবে।

ব্রুড ফিড ব্যবহার করে স্ত্রী ব্রুডার রুই মাছের জি.এস সুচক 9.1 থেকে 17.44 পাওয়া গেছে।

একই ভাবে কাতলার ক্ষেত্রে তার মান 12.2 থেকে 15.4 পাওয়া গেছে।

$$\text{গোনাডো সোমাটিক সূচক} = \frac{\text{ডিম্বাশয় / শুক্রাশয়ের ওজন}}{\text{মাছের ওজন}}$$

ব্রুড ফিড প্রয়োগ করার পদ্ধতিঃ

ব্রুড ফিড দিনে 2-3% শতাংশ হারে দিতে হবে। সারাদিন দুবার খাওয়ার দেওয়া হবে, সকালে ও সন্ধ্যায়। 4 mm ভাষমান দানাদার খাবার দেওয়া হবে। খাবারটি চেক ট্রের মাধ্যমে দেওয়া যেতে পারে অথবা ছড়িয়ে দেওয়া যেতে পারে। চেক ট্রের মাধ্যমে দিলে

দেখা গেছে যে কাতলা হইতে রুইয়ের ডিম্বাশয় বা শুক্রাশয়ের পরিপক্কতা দ্রুত হয়। আবার বস্তা ছিড়ে খাবার প্রয়োগ করলে কাতলা এবং রুইয়ের পরিপক্কতা একই হারে হয়। চেক ট্রেতে খাবার দেওয়ার সুবিধে হচ্ছে মাছ কতটা খাবার গ্রহন করলো আর কতটা অপচয় করলো তার একটা হিসেব রাখা যায়। সেটা বুঝে, পরের বার ট্রেতে কম কিংবা বেশী খাবার রাখা যেতে পারে। খাবার ছড়িয়ে দিলে, অপচয় হবার সম্ভবনা বেশী থাকে কারন জলে ছড়িয়ে দেওয়ার ফলে মাছ সম্পূর্ন খাবারটাকে সংগ্রহ করতে পারে না। ব্রুড ফিডে বাইন্ডার (আঠা) কম থাকলে, ব্রুড ফিড জলে দেওয়ার খুব কম সময়ের মধ্যে গলে যাবে। সেক্ষেত্রে ব্রুড ফিডে শর্করা (কার্বোহাইড্রেটের) পরিমান বাড়াতে পারলে, ব্রুড ফিডের জলে স্থিতিশীলতা বাড়ে। ব্রুড ফিডে প্রোটিন- 33.33% এবং স্নেহপদার্থ (Lipid) 6-8% থাকা প্রয়োজনীয়। ব্রুড ফিডে ভাঙ্গা মুগ ডাল, মেথীর গুড়ো ব্যবহার করা হয়। আবার n-3 fatty acid ব্যবহার করে ডিমের নিষিক্তকরনের হার বাড়ান যায়।

**ব্রুড ফিড রাখার পদ্ধতিঃ**

ব্রুড ফিড খাদ্যের বস্তা রাখা এবং ব্যবহার করার সময় নিম্নলিখিত নিয়ম মেনে চলা প্রয়োজন।

1. খাদ্য বস্তাগুলোকে শুকনো, ঠান্ডা ও উপযুক্ত বায়ু সঞ্চালিত ঘরে কিংবা চালায় রাখতে হবে।

2. ইঁদুর ও কীট-পতঙ্গের আক্রমন থেকে দূরে রাখতে হবে।

3. খাদ্যের বস্তাগুলোকে জমির নীচে না রেখে কাঠের তক্তার উপরে একটার উপর একটা থাক করে রাখতে হবে। বস্তাগুলো দেওয়ালের সঙ্গে না লাগে। একসাথে ৬টির বেশি বস্তা না রাখা বাঞ্ছনীয়।

4. খাদ্যের বস্তার উপর সরাসরি সূর্যের আলো লাগতে দেওয়া যাবে না।

5. একটি বস্তা খুললে ঐ বস্তার খাবার সম্পূর্ন শেষ না হওয়া পর্যন্ত আরেকটা বস্তা খোলা যাবে না। খাদ্য নেওয়ার পরে ভালো থাকা বস্তার মুখ ভাল করে বেধে রাখতে হবে। কারন ব্রুড ফিড জল শোষন করে তাড়াতাড়ি নষ্ট হয়ে যেতে পারে।

6. ভাল ফল পাওয়ার জন্য খাদ্য তৈরির তিনমাসের মধ্যে খাদ্য ব্যবহার করুন। কারন এর পুষ্টি উপাদানগুলি নষ্ট হয়ে বিষাক্ত হয়ে পড়তে পারে।

7. উপাদানের তারিখ ও গন্ধ বিচার করে খাদ্য ক্রয় করা উচিত।

8. কোন কারনে খাবার খুব পুরোনো কিংবা ছত্রাক আক্রমন করলে সেক্ষেত্রে খাবার পুকুরে ব্যবহার করবেন না।

**ডিমের নিষিক্তকরনের হার, প্রস্ফুটনের হার ও ডিমপোনা কেটে যাওয়ার হারঃ**

ব্রুড ফিড ব্যবহার করে নিষিক্তকনের হার বেশী পাওয়া গেছে। যে ডিমগুলো নিষিক্ত হয়েছে সেগুলো স্বচ্ছ আর যেগুলো হয়নি সেগুলো সাবুদানার মত সাদা হয়ে যায়। ডিমের প্রস্ফুটনের হার ব্রুড ফিড ব্যবহার করে 90% বেশী হয়। এর কারন ব্রুড ফিডে এমন উপাদান আছে যা ডিমের পর্দাকে পাতলা করে দেয় যার ফলে ডিমপোনা খুব সহজেই বেড়িয়ে আসতে পারে।

ব্রুড ফিড ব্যবহার করলে ডিমপোনা কেটে যাওয়ার সম্ভাবনা কম কারন এই। ফিডে পুষ্টির পরিমান বেশি, তাই যে ডিমপোনা গুলো তৈরী হল, তার রোগ প্রতিরোধ ক্ষমতা বেশি আর তার বৃদ্ধির হার বেশি। বর্ষার সময় নদীতে প্রচুর পরিমানে ডিমপোনা পাওয়া যায়। হ্যাচারীতে-ও সেই সময় প্রচুর পরিমান ডিমপোনা উৎপন্ন হয়। তাই সেই সময় ডিমের বাটির দাম কমে যায়। কিন্তু ব্রুড ফিড ব্যবহার করে বর্ষার আগে এবং পরে ডিমপোনা উৎপন্ন করা সম্ভব। সেক্ষেত্রে একটি মাছকে বছরে দুবার প্রজনন করানো সম্ভব। ব্রুড ফিডের সাহায্যে একটি স্পেন্ট মাছকে আবার প্রজননক্ষম করে তোলার জন্য 45-50 দিন প্রয়োজন।

সহায়ক গ্রন্থঃ

১)কে. এইচ. আলিকুনি, কে, সুকুমারান, এস. পরমেশ্বরণ, এস.সি. ব্যানারজী, (১৯৬৪), গবেষণাগারে মাছের প্রজনন তাপমাত্রার সঙ্গে সম্পর্কিতঃ একটি প্রাথমিক

প্রতিবেদন,পৃষ্ঠা-৪

২)জে, বেটসি, কে, স্টিফেন, জে. থিলক (২০১৭), কমন কার্পের বয়সের উপর নির্ভর করে নিষিক্তকরণের হার, পৃষ্ঠা : ১৯৫-২০৫

৩) জি.পি. সাদেকার, (২০১৪)কার্পের ঋতু পরিবর্তনের সঙ্গে ডিম্বাশয়ের পরিপক্কতা: পৃষ্ঠা :১০৩৭-১০৪২

৪)সি.মন্ডল আর পি দাস (২০১৩) সুসম খাবার ব্যবহার করে প্রজননক্ষম কার্প মাছের ব্যবস্থাপনা, পৃষ্ঠা:৬৪৫-৬৮৭

৫)এ. পি. শর্মা, বি. কে. ভট্টাচার্য, এস, কে, সাহু, জলবায়ু পরিবর্তন হেতু কার্পের প্রজননে পৃথকীকরণ , পৃষ্ঠা: ২৪

# একাধিকবার মজুতকরণ ও আহরণের মাধ্যমে মাছ চাষ
# (Multiple Stocking & Multiple Harvesting - MSMH)

ড: নারায়ণ বাগ
যুগ্ম সম্পাদক, S.F.O.A.,W.B.

ধারণাঃ একটি এক বিঘা পুকুর (৩৩ শতক) স্বাভাবিক অবস্থায় ৪০০-৫০০ কেজি মাছ ধারণ করতে পারে অর্থাৎ পুকুরে মাছ মজুত করার পর মাছ অতি দ্রুত বাড়তে থাকে কিন্তু যেই মোট মাছের পরিমাণ ৪০০ কেজির বেশি হয়ে যায় তখন স্বাভাবিক নিয়মেই বাড় কমে যায় বা থেমে যায়। সেক্ষেত্রে পুকুরের অক্সিজেনের জোগান, জল পরির্বতন ইত্যাদি বিষয়গুলি খুব গুরুত্বপূর্ণ হয়ে ওঠে। যেহেতু সাধারণ পুকুরগুলিতে অক্সিজেনের জোগান বা জল পরির্বতনের সুবিধা থাকে না, তাই একবার মাছ মজুতকরণ আর বছরের শেষে মাছ আহরণ পদ্ধতিতে বিঘা প্রতি মাছের উৎপাদন ৫০০ কেজির কাছাকাছি থাকে। কিন্তু একাধিকবার মাছ মজুতকরণ ও আহরণ পদ্ধতিতে পুকুরে কোন সময় মাছের মোট পরিমাণ ৫০০ কেজির বেশি হয় না ফলে মাছের বাড় সারা বছর পাওয়া যায় এবং বছরে এক বিঘা পুকুরে ১০০০-১৫০০ কেজি মাছ উৎপাদন করা যেতে পারে।

বৈজ্ঞানিক ভিত্তিঃ ছোট মাছ বড় মাছের তুলনায় কম খাবারে বেশি বাড়ে কেননা মাছ যতই পরিণতের দিকে যায় তখন প্রদত্ত খাবারের কিছু অংশ জনন সংক্রান্ত বিভিন্ন প্রকার কার্যাবলীর জন্য খরচ হয়। তাই পরিণত হবার আগেই মাছকে বাজারজাত করে ফেলা উচিৎ।

সামাজিক ও অর্থনৈতিক প্রেক্ষাপটঃ আগেকার একান্নবর্তী পরিবারের জায়গায় এখন ৪-৬ জনের ছোট পরিবারের সংখ্যা অনেক বেশি। ফলে বাজারে ৪০০-৫০০ গ্রাম মাছের চাহিদা সবথেকে বেশি আর দামও ভালো পাওয়া যায়।

চাষের পদ্ধতিঃ

১) ফেব্রুয়ারীর মধ্যে পুকুর প্রস্তুতির কাজ সম্পূর্ণ করুন।

২) মার্চের প্রথম সপ্তাহে একটু বড় সাইজের কাতলা, রুই, মৃগেলের (ভারতীয় বড় পোনা-IMC) চারাপোনা ৭৫-১০০ গ্রামের গড়ে বিঘাপ্রতি ১৫০০-২০০০টি মজুত করুন । মজুত হারঃ ৫-১০% কাতলা, ৬০-৬৫%রুই, এবং ৩০%মৃগেল।

৩) মজুত করা মাছের মোট ওজনের ২% হারে ২৫-৩০%প্রোটিনযুক্ত খাবার সপ্তাহে

অন্তত ৫ দিন খাওয়ান। প্রতি ১৫ দিন অন্তর মাছের বৃদ্ধি দেখে নিয়ে খাবারের পরিমাণ বাড়াতে হবে। পুকুরে প্রাকৃতিক খাদ্য ভান্ডার মজুত রাখতে পুকুরের অবস্থা দেখে নিয়মিত ও পরিমাণ মতো জৈব (পচানো) ও অজৈব সারের মিশ্রণ ব্যবহার করুন। সারের মিশ্রণ প্রয়োগের অন্ততঃ ৫ দিন আগে পুকুরে পরিমাণমতো চুন দিতে ভুলবেন না। মাসে অন্ততঃ একবার বেড়জাল দিয়ে মাছের স্বাস্থ্য পর্যবেক্ষণ করুন।

দ্রষ্টব্যঃ শীতে সার প্রয়োগ বন্ধ রাখুন আর মাছের মোট ওজনের ১-১.৫% হারে একটু বেশি পুষ্টিকর খাবার প্রয়োগ করুন।

৪) কোন বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠানের খাবার কিনে খাওয়াতে পারেন। তবে নিজে খাবার তৈরি করে নিলে খাবারের খরচ অনেক কমানো যায়। প্রতি ১ কেজি খাবারে ২০০ গ্রাম বাদাম খোল, ৪০০ গ্রাম সরিষা খোল আর ৪০০ গ্রাম তেলহীন তুঁষ (DOB) / কুড়াঁ (চালুনিতে চেলে নিয়ে বড় খোসা বাদ দিন) মিশিয়ে জলে ভিজিয়ে নরম করে বেশ কয়েকটি পাটের বা কাপড়ের তৈরী থলেতে ভরে সকাল ৯টা নাগাদ খাবার পরিবেশন করুন । প্রতি ১ কেজি খাবারে ১০ গ্রাম মতো ভিটামিন ও খনিজ মিশ্রণ ব্যবহারে মাছের বাড় ভালো হয়।

৫) কাতলা মাছের ওজন ১২০০-১৫০০ গ্রাম আর রুই ও মৃগেল মাছের ওজন ৪০০ গ্রামের বেশি হলেই বিক্রি করুন। ২-২.৫ মাস পরেই মাছের বিক্রি শুরু হয়ে যাবে। প্রতি ১০.১৫ দিন অন্তর মাছ বিক্রি করুন। ৪.৪.৫ মাসের মধ্যেই পুকুরের ৭০-৮০% মাছ বিক্রি হয়ে যাবে।

৬) জুলাই মাসের প্রথম সপ্তাহে দ্বিতীয়বারের জন্য বিঘা প্রতি ১০০০-১৫০০টি কাতলা, রুই ও মৃগেলের বড় সাইজের চারা মজুত করুন। এই মাছগুলি নভম্বরের প্রথম সপ্তাহের মধ্যেই যতটা সম্ভব তুলে ফেলতে হবে।

৭) সেপ্টেম্বর মাসের শেষের দিকে তৃতীয়বারের জন্য বিঘা প্রতি ১ গ্রাম সাইজের ২০০০-৩০০০টি বাটা, ২০০টি সিলভার র্কাপ (গড় ১০০ গ্রাম), ১০০ টির মত গ্রাস কাপ (গড় ১০০-১৫০গ্রাম) আর ২০০-৩০০টি সাইপ্রিনাস (গড় ১০০ গ্রাম) মজুত করুন।

৮) পুকুরের সমস্ত মাছকে জানুয়ারী মাসের মধ্যে বিক্রি করুন আর ফেব্রুয়ারীর মধ্যে আগামী মরসুমের জন্য পুকুরকে প্রস্তুত করে ফেলুন।

# ইলিশ কেন ইলিশ

শুভময় দাস
অ্যাসোসিয়েট প্রফেসর, মেদিনীপুর রাজ কলেজ

"ইলিশ" মানে জিভে জল, "ইলিশ" মানে বাংলাদেশ কিংবা পদ্মা কিংবা রূপনারায়ণ - কোলাঘাট -মালদা কিংবা গেঁওখালি বা দিঘা। স্বাদে বর্ণে গন্ধে, স্মৃতিতে আর সাক্ষাতে ইলিশ ই প্রথম ইলিশ ই শেষ প্রেম। কিন্তু ইলিশের এই রকম নামের কারণ কী সেই নিয়েই বর্তমান আলোচনা। এত নাম থাকতে থাকতে ইলিশের নাম ইলিশ কেন?

ইলিশ কোথায় থাকে? ইলিশ সমুদ্রের মাছ। গভীর সমুদ্রের। ঠান্ডা জলের মাছ। গভীর সমুদ্রে ঠান্ডা জলে ইলিশ থাকলেও প্রজননের সময় - বাচ্চা দেওয়ার সময় ওরা ঝাঁকে ঝাঁকে উঠে নদীতে। সমুদ্র নিচে আর নদী ওপরে ল্যাটিন ভাষা অনুযায়ী "ওপরে" র সমার্থকে অর্থ অ্যানা(ana)। পৃথিবীর সমস্ত সমুদ্র থেকে নদীর মোহনা হয়ে মিষ্টি জলের নদীর ওপরে এসে জড়ো হয় ইলিশ। এই জড়ো হওয়াকে বলে "ড্রোম"(drome) বা একত্রিত হওয়া। তাই সমুদ্র থেকে নদীতে একত্রিত হয় বলে একে বলা হয় অ্যানাড্রোমাস (anadrumous )। বিচিত্র স্বাদ বর্ণ গন্ধ শারীরবৃত্তীয় প্রক্রিয়া আর এদের বিচিত্র মাইগ্রেশন পরিযান , আচার ব্যবহার, জীবন চক্র এদের অনন্যতা দিয়েছে।

ছোটবেলায় যখন বিজ্ঞান সম্মত নাম পড়তাম তখন ইলিশের বিজ্ঞানসম্মত নাম আমরা মুখস্থ করতাম হিলসা ইলিশা (Hilsa ilisha)। বড় হয়ে জানলাম আমাদের অজান্তেই এই হিলসা ইলিশা নামটা ভুল এবং এর নাম পাল্টে গিয়ে হযেছে টেণুয়ালোশা ইলিশা (Tenualosa ilisha)। এখন আমরা আলোচনা করব ইলিশ কেন টেণুয়ালোশা ইলিশা (Tenualosa ilisha)!

"টেণুয়ালোশা ইলিশা" (Tenualosa ilisha), "হিলসা" , "ইলিশ" এই সমস্ত নামের তাৎপর্য কি? এত শব্দ থাকতে থাকতে কে কেনই বা এই সমস্ত শব্দ দিয়ে এই মাছের নাম রাখলেন?

আঠারোশ বাইশ সালে বিজ্ঞানী হ্যামিলটন এই টেণুয়ালোশা ইলিশা (Tenualosa ilisha) নামটি সৃষ্টি করেন। ল্যাটিন ভাষায় টেণুয়ালোশা (Tenualosa) শব্দ টা এসেছে "tenuis" শব্দ থেকে। tenuis শব্দের অর্থ হল থিন বা পাতলা। পাতলা -তন্বী ছিমছাম

ছিপছিপে। এই না হলে রূপ! বা রূপের বিশেষণ! আহা! এতক্ষণে বোঝা গেলো ও কেনো রূপসী! টেনুলুসা। আসলে বাঙলায় যত মাছ আমরা চারপাশে দেখি তার মধ্যে ইলিশ মাছ সত্যিই তন্বী বা স্লিম। আর একটা অর্থ হলো চ্যাপ্টা। ও তো কাতলার মতো মাথা মোটা নয়! রুই সাইপ্রিনাস গ্রাস কার্পের মতো ভুঁড়িওয়ালা থুল্থুলে নয়। কই সিঙ্গি মাগুর চাঁদার মতো কাঁটাওয়ালা ও নয়! তেলাপিয়া কই ন্যাদোস শোল ল্যাটার মতো কৃষ্ণ ঘোর বর্ণ কদাকার নয়? উজ্জ্বল ফরসা তন্বী মাছ বলতে যা বোঝায় -নির্মেদ মাছ বলতে যা বোঝায় সেটাই ইলিশ। সেটাই টেণুয়ালোশা নামটি ইলিশের পক্ষে সত্যিই সার্থক! টেণুয়ালোশা শব্দের অন্য আরো একটা আক্ষরিক আছে। দু পাশ থেকে চাপা। ইলিশ মাছ দু পাশ থেকে বড্ড চ্যাপটা।।

এবার আসা যাক ইলিশ শব্দ নিয়ে। শব্দটি এসেছে স্যাকসন শব্দ allis এলস বা এলিস থেকে। ইউরোপ প্রদেশে শ্যাড মাছ অতি বিখ্যাত । আর ওই মাছের বিজ্ঞান সম্মত নাম এলসা এলসা(Alosa alosa.)। ইলিশ মাছ ইউরোপের স্যাড মাছের মামাতুতো খুড়তুতো সমগোত্রীয় অর্থাৎ তারা বিবর্তনগত দিক থেকে খুব কাছাকাছি। এই শ্যাড মাছ হেরিং মাছের গোত্রের। আমরা হেরিং মাছ খুব সহজেই চিনতে পারি। হেরিং জাতীয় মাছের একেবারে পেটের মাঝখান দিয়ে অঙ্কদেশ দিয়ে একটা শক্ত কাঁটার মতো জিনিস চলে গেছে। আমাদের বুকের মাঝখানে যেমন স্টারনাম হাড় থাকে-পায়রার বুকের মাঝে ওই হাড়টি কিল হাড়ে পরিণত হয়। ঠিক তেমনি ইলিশ মাছের এক্কেবারে পেটের তলায় মাঝখানে কাঁটার মতো শক্ত অংশ থাকে। মাছ কাটবার সময় ওটাকে বাদ দিতে হয়। ইলিশ মাছের ও সেই কিল থাকে।

ওল্ড টেস্টামেন্ট এর গল্প অনুযায়ী অ্যালিসা হল এক মীরাকেল ওয়ার্কার। অবিশ্বাস্য কর্মী। অদ্ভুত কর্মী! যার উদ্যমের শেষ নেই - প্রচেষ্টার শেষ নেই। যে কোনও কাজ নিঃসন্দেহে অতি দ্রুতই নিশ্চিন্ত মনে করতে পারে। যার মনে অসীম উদ্যম অফুরন্ত শক্তি! যে অফুরন্ত প্রাণশক্তিতে ভরপুর তাকে বলা হয় আলিশা। সে মীরাকল ওয়ার্কার! ইলিশ মাছের অভূতপূর্ব স্বাদ রয়েছে। তাঁর বর্ণ রয়েছে গন্ধ রয়েছে। তার মধ্যে বিশেষ বিশেষ ধরনের তেল বা ফ্যাট থাকে -এর জন্য এই স্বাদের অপূর্ব মিরাকল। এদের কর্মদক্ষতার কথা

বললে আমাদের অবাক হতেই হবে। এরা যদিও থাকে গভীর সমুদ্রের ঠান্ডা জলে প্রজননের সময় হাজার হাজার মাইল এরা সাঁতার কেটে নদীর মিষ্টি জলের কাছাকাছি চলে আসে। জোড়ায় জোড়ায়। সাঁতার কাটতে থাকে। এরা কেবলমাত্র পিতৃত্ব ও মাতৃত্বের টানে জোড়ায় জোড়ায় সমস্ত বিপদ উপেক্ষা করে চলতে থাকে নদীর উৎসস্থলে। কোথায় যায়? এরা যায় যেখানে ওদের জন্ম হয়েছে তিন চার পাঁচ বছর আগে। যেখানে ওদের মা বাবা ডিম পেড়েছে যেখানে ওরা প্রথমেই জীবনে ওরা সূর্য নমস্কার করেছে যেখানে ওরা প্রথম সূর্যকে দেখেছে সেই স্থানে ওরা যাবে ডিম পাড়তে। হাজার প্রলোভন সত্ত্বেও ওই স্থানে ওরা যাবে। সমগ্র যাত্রাপথে তারা খড়কুটোও মুখে তোলে না। সামান্য খাবারও মুখে তোলে না। মাসের পর মাস ক্ষুধা তৃষ্ণা নিদ্রা সমস্ত কিছু ত্যাগ করে সাঁতার কাটতে থাকে কেবলমাত্র ডিম পাড়ার জায়গা নির্বাচন করবার জন্য। ওরা সমুদ্রে থাকে। মিষ্টি জলে হাঁ করলেই সমস্যা! এদের দেহের মধ্যে জল ঢুকে পড়ে। সমস্ত কলা কোষ মুহূর্তের মধ্যে ফেটে যাবার কথা। তাই এরা একটিও খাওয়ার মুখে তোলে না কারণ মুখে জল নেওয়া বারণ। খাওয়া দূরের কথা। তাই তারা অনেক পরিশ্রম করে অনেক ত্যাগ স্বীকার করে হাজার হাজার মাইল সমুদ্র ডিঙিয়ে নদী ডিঙিয়ে যায় প্রজননের জন্য স্থান নির্বাচন করতে এবং অবশেষে তারা ডিম পাড়ে। ডিম পারবার পর ক্লান্ত দেহ এলিয়ে পড়ে। খুব কম মাছ বেঁচে ফেরে। এদের মাইগ্রেশন বা পরিযান করবার এই অদ্ভুত ক্ষমতার জন্যে মিরাকল ওয়ার্কার বা আলিসা বলে। একেই হয়তো এলিশ বলে। আর এই এলিস শব্দ থেকে সম্ভবত ইংরেজির ইলিশ বাংলার ইলিশ বা হিলসা শব্দের উৎপত্তি। তাই টেণুয়ালোশা শব্দের অর্থ তন্বী আর ইলিশ শব্দের অর্থ অফুরন্ত কর্মী। তাই সব দিক থেকে ইলিশ নামটি সার্থক। বিজ্ঞানসম্মত নামটি আরও সার্থক।

বললে আমাদের অবাক হতেই হবে। এরা যদিও থাকে গভীর সমুদ্রের ঠান্ডা জলে প্রজননের সময় হাজার হাজার মাইল এরা সাঁতার কেটে নদীর মিষ্টি জলের কাছাকাছি চলে আসে। জোড়ায় জোড়ায়। সাঁতার কাটতে থাকে। এরা কেবলমাত্র পিতৃত্ব ও মাতৃত্বের টানে জোড়ায় জোড়ায় সমস্ত বিপদ উপেক্ষা করে চলতে থাকে নদীর উৎসস্থলে। কোথায় যায়? এরা যায় যেখানে ওদের জন্ম হয়েছে তিন চার পাঁচ বছর আগে। যেখানে ওদের মা বাবা ডিম পেড়েছে যেখানে ওরা প্রথমেই জীবনে ওরা সূর্য নমস্কার করেছে যেখানে ওরা প্রথম সূর্যকে দেখেছে সেই স্থানে ওরা যাবে ডিম পাড়তে। হাজার প্রলোভন সত্ত্বেও ওই স্থানে ওরা যাবে। সমগ্র যাত্রাপথে তারা খড়কুটোও মুখে তোলে না। সামান্য খাবারও মুখে তোলে না। মাসের পর মাস ক্ষুধা তৃষ্ণা নিদ্রা সমস্ত কিছু ত্যাগ করে সাঁতার কাটতে থাকে কেবলমাত্র ডিম পাড়ার জায়গা নির্বাচন করবার জন্য। ওরা সমুদ্রে থাকে। মিষ্টি জলে হাঁ করলেই সমস্যা! এদের দেহের মধ্যে জল ঢুকে পড়ে। সমস্ত কলা কোষ মুহূর্তের মধ্যে ফেটে যাবার কথা। তাই এরা একটিও খাওয়ার মুখে তোলে না কারণ মুখে জল নেওয়া বারণ। খাওয়া দূরের কথা। তাই তারা অনেক পরিশ্রম করে অনেক ত্যাগ স্বীকার করে হাজার হাজার মাইল সমুদ্র ডিঙিয়ে নদী ডিঙিয়ে যায় প্রজননের জন্য স্থান নির্বাচন করতে এবং অবশেষে তারা ডিম পাড়ে। ডিম পারবার পর ক্লান্ত দেহ এলিয়ে পড়ে। খুব কম মাছ বেঁচে ফেরে। এদের মাইগ্রেশন বা পরিযান করবার এই অদ্ভুত ক্ষমতার জন্যে মিরাকল ওয়ার্কার বা আলিসা বলে। একেই হয়তো এলিশ বলে। আর এই এলিস শব্দ থেকে সম্ভবত ইংরেজির ইলিশ বাংলার ইলিশ বা হিলসা শব্দের উৎপত্তি। তাই টেণুয়ালোশা শব্দের অর্থ তন্বী আর ইলিশ শব্দের অর্থ অফুরন্ত কর্মী। তাই সব দিক থেকে ইলিশ নামটি সার্থক। বিজ্ঞানসম্মত নামটি আরও সার্থক।

# মনোসেক্স তেলাপিয়া মাছের চাষ

সেলিমুদ্দিন মোল্লা
মৎস্যচাষী, হীরাপুর গ্রাম পঞ্চায়েত

সূচনা : মনোপিয়া (মনোসেক্স তিলাপিয়া মাছের বাণিজ্যিক চাষ বর্তমানে একটি লাভজনক মাছ চাষ। এই মাছ প্রচলিত তিলাপিয়া বা নাইলোটিকার থেকে বেশি সুস্বাদু। এই মাছ একদিকে যেমন বেশি ঘনত্বে চাষ করা যায় তেমনি এর রোগ প্রতিরোধ ক্ষমতাও অনেক বেশি। তাই কম জায়গায় অনেক বেশি উৎপাদন সম্ভব এবং পোনা মাছের তুলনায় বেশি লাভও হয়।

মনোপিয়া কি? : বেশি উৎপাদনের জন্য ডিমপোনা থেকে ৩০ দিন পর্যন্ত খাবারের সাথে ১৭ আলফা মিথাইলটেস্টোস্টেরন হরমোন খাইয়ে সমস্ত মাছগুলিকে পুরুষ মাছে রূপান্তরিত করা হয়। কারণ পুরুষ মাছ মেয়ে মাছের থেকে দ্রুত বাড়ে এবং জলাশয়ে মাছের সংখ্যা ঠিক থাকে। তবে এখানে মনে রাখার বিষয়, মোটামুটিভাবে ছয় মাস পর্যন্ত সমস্ত মাছগুলি পুরুষ মাছ হয়ে থাকে। কিন্তু তারপর সাময়িকভাবে রূপান্তরিত পুরুষ মাছগুলি আবার মেয়ে মাছে পরিণত হয় এবং বাচ্চা দিতে শুরু করে। তাই ছয় মাসের মধ্যে সমস্ত মাছ বিক্রি করে দিতে হবে।

পুকুর তৈরী ও মাছ মজুতকরণ : বিঘাপ্রতি ৪০ কেজি চুন ও প্রতি ফুট জলের জন্য ১০০ কেজি মহুয়া খোল দিয়ে পুকুর তৈরী করতে হবে। মোটামুটি ২০ দিন পর জলে প্রচুর পরিমাণ প্লাঙ্কটন তৈরী হয়। এরপর ৩০ দিন বয়সের মাছের চারাকে মজুত পুকুরে বিঘাপ্রতি ১০,০০০ টি (দশ হাজার) হারে ছাড়তে হবে। মজুত পুকুরের জলের গভীরতা হবে ৪-৫ ফুট। চারামাছকে মাছরাঙা, বক, পানকৌড়ি, ব্যাঙ, সাপ, গোসাপ ইত্যাদির মুখ থেকে রক্ষা করতে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। ১৫ দিন ছাড়া পুকুরে বেড়জাল টেনে মাছের বৃদ্ধি ও স্বাস্থ্য পরীক্ষা করতে হবে।

খাদ্য প্রয়োগ : মনোপিয়ার চাষ করতে গেলে আমাদেরকে অবশ্যই প্রতিদিন পরিমাণমতো পুষ্টিকর ভাসমান খাবার খাওয়াতে হবে। মাছের মুখের মাপে (বয়স অনুযায়ী) বিভিন্ন মাপের খাবার বাজারে কিনতে পাওয়া যায়। মজুত পুকুরে ছাড়ার পর ৩০ দিন বয়সে ০.৫-০.৬ মিমি, ৪০ দিন বয়সে ০.৮ মিমি, ৬০ দিন বয়সে ১.২ মিমি, ৯০ দিন বয়সে ২.৫ মিমি আর

১২০ দিন পর থেকে ৪ মিমি সাইজের ভাসমান খাবার দিতে হবে। নিয়ম করে প্রতিদিন নির্দিষ্ট সময় ও নির্দিষ্ট জায়গায় ২-৩ বার খাবার দিতে হবে। পুকুরের মোট মাছের ওজনের উপর নির্ভর করে প্রতিদিন ১০০ কেজি মাছের জন্য গড়ে ৩ কেজি খাবার প্রয়োগ করতে হবে। উল্লেখ্য, ছোট অবস্থায় ১০০ কেজি মাছকে সারাদিনে ১০ কেজি পর্যন্ত খাবার খাওয়ানো যেতে পারে। মাছ যত বড় হতে থাকবে খাবার দেওয়ার হার তত কমতে থাকবে। অর্থাৎ, শেষের দিকে মাছের গড় ওজন যখন ১৫০-২০০ গ্রাম হয়ে যাবে তখন ১০০ কেজি মাছকে সারাদিনে ২ কেজি খাবার দিলেই চলবে।

অন্যান্য পরিচর্যা : যেহেতু বেশি ঘনত্বে মাছ চাষ হচ্ছে তাই ভোরের দিকে পুকুরে অতিরিক্ত অক্সিজেনের যোগান দিতে পাম্পের ব্যবস্থা রাখতে হবে। আর অ্যামোনিয়া গাস কন্ট্রোল করতে ও পুকুরের পরিবেশ ঠিক রাখতে প্রতি মাসে একবার ১০০ গ্রাম/বিঘা হারে প্রোবায়োটিক ব্যবহার করতে হবে। প্রয়োজনে অ্যামোনিয়া রিডিউসার ব্যবহার করতে হতে পারে। পুকুরের পি.এইচ ৬.৫ থেকে ৭ রাখতে হবে। প্রয়োজনে মাসে একবার বিঘাপ্রতি ৫ কেজি ডলোমাইট ব্যবহার করা যেতে পারে। সুযোগ থাকলে মাসে একবার ২০% জল পরিবর্তন করতে পারলে ভালো হয়। ১৫ দিন ছাড়া পুকুরে বেড়জাল টেনে মাছের বৃদ্ধি ও স্বাস্থ্য পরীক্ষা করতে হবে।

লাভের পরিমাণ : মার্চের প্রথমদিকে মজুত পুকুরে মাছ ছাড়তে হবে। আর যেসকল মাছের ওজন ২৫০ গ্রাম - ৩০০ গ্রাম হবে সেগুলিকে বাছাই করে বিক্রি করে দিতে হবে। এই ভাবে জুলাই মাসের মধ্যে সব মাছ বিক্রি করে দিতে হবে। বিঘায় ১০,০০০ টি মাছ মজুত করা হলে কমপক্ষে ৮,০০০ টি মাছ তোলা যাবে। এদের গড় ওজন ২৫০ গ্রাম হলে মোট মাছ হবে ২,০০০ কেজি। এক বছরে দুইবার চাষ করা যাবে। দ্বিতীয় কিস্তিতে আগস্ট মাসে মাছ ছেড়ে ডিসেম্বর মাসে মাছ তুলতে হবে। ফলন হবে ১,৫০০ কেজি। দুটো কিস্তিতে মোট মাছের ফলন পাওয়া যাবে ৩,৫০০ কেজি। পাইকারি বাজার দর ১০০ টাকা। মোট দাম পাওয়া যাবে ৩,৫০,০০০ (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। এই মাছ তৈরি করতে মোট খাবার লাগবে মোটামুটি ১,৮০,০০০ টাকা। মাছের চারা ও উপযুক্ত পরিচর্যার জন্য মোট ৫০,০০০ টাকা। মোট খরচ ২,৩০,০০০ টাকা। লাভ হবে ১,২০,০০০ (এক লক্ষ কুড়ি হাজার) টাকা।

# রঙিন মাছচাষ

রাজু মন্ডল
মৎস্যচাষী, আমশা, বহিরা গ্রাম পঞ্চায়েত

সূচনা : রঙিন মাছ প্রতিপালন সকলের কাছে খুব আকর্ষণীয় ও জনপ্রিয়। এর অন্যতম প্রধান কারন হল রঙিন মাছের বর্ণবৈচিত্র্য ও দৈহিক গঠন। রঙিন মাছ নানাবিধ কারণে প্রতিপালন করা হয়, যেমন- গৃহশোভা বর্ধন, মানসিক অবসাদ দূরীকরণ ইত্যাদি। এই মাছ বেশি ঘনত্বে চাষ করা যায়, তাই কম জায়গায় অনেক বেশি উৎপাদন সম্ভব এবং পোনা মাছের তুলনায় অতি বেশি লাভ পাওয়া যায়। আমাদের পরিচিত কতকগুলি রঙিন মাছ হল গাপ্পি, মলি, প্লেটি, সোর্ড টেল, গোল্ড ফিশ, রোজি বার্ব , টাইগার বার্ব, অ্যাঞ্জেল, অস্কার, ডিসকাস, চিচলিড ইত্যাদি।

রঙিন মাছ - এই মাছ পুকুরে, চৌবাচ্চা ও আকোয়ারিয়ামে চাষ করা যায়। ভারতীয় ৯০০ টির বেশী বিভিন্ন মাছের মধ্যে প্রায় ৩২০ টি মতো মাছ বিদেশে রপ্তানি করা হয়। ৯০০টি মাছের মধ্যে মিষ্টি জলের মাছ ৭০০ টি আর বাকি মাছ হলো সমুদ্র ও নোনাজলের। এই মাছ ডিমপোনা থেকে তিন মাস পর্যন্ত পরিচর্যা করতে হবে, তারপর বিক্রয় করা যাবে।

পুকুর তৈরী ও মাছ মজুতকরণ : বিঘাপ্রতি ৪০ কেজি চুন ও প্রতি ফুট জলের জন্য ১০০ কেজি মহুয়া খোল দিয়ে পুকুর তৈরী করতে হবে। মোটামুটি ২০ দিন পর জলে প্রচুর পরিমানে প্লাঙ্কটন তৈরী হয়। এরপর গোল্ড ফিশের ডিমপোনা মজুত করতে হবে প্রায় এক লক্ষ। মজুত পুকুরে জলের গভীরতা হবে ৪-৫ ফুট। মাছরাঙা, বক, পানকৌড়ি, ব্যাঙ, সাপ, গোসাপ ইত্যাদির মুখ থেকে রক্ষা করতে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

খাদ্য প্রয়োগ - এই মাছের ডিমপোনা থেকে ১৫ দিন পর্যন্ত প্লাঙ্কটন খাওয়াতে হবে। তারপর থেকে আমাদেরকে অবশ্যই প্রতিদিন পরিমাণমতো পুষ্টিকর ভাসমান খাবার খাওয়াতে হবে। মাছের মুখের মাপে বিভিন্ন মাপের খাবার বাজারে কিনতে পাওয়া যায়।

অন্যান্য পরিচর্যা - যেহেতু বেশি ঘনত্বে মাছ চাষ হচ্ছে তাই ভোরের দিকে পুকুরে অতিরিক্ত অক্সিজেনের যোগান দিতে পাম্পের ব্যবস্থা রাখতে হবে। আর অ্যামোনিয়া গ্যাস কন্ট্রোল করতে ও পুকুরের পরিবেশ ঠিক রাখতে প্রতি মাসে একবার ১০০ গ্রাম/বিঘা হারে

প্রোবায়োটিক ব্যবহার করতে হবে। প্রয়োজনে অ্যামোনিয়া রিডিউসারও প্রয়োগ করা যেতে পারে।

লাভের পরিমাণ : এই মাছ যেকোন সময়ে ছাড়া যায়। বিঘায় এক লক্ষ টি ডিমপোনা মজুত করা হলে কমপক্ষে ৫০০০০ (পঞ্চাশ হাজার) টি মাছ বিক্রি করা যাবে। তিন মাসের মধ্যে সর্বনিম্ন ৫ টাকা মূল্যে বিক্রয় হলে ২৫০০০০(দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা হবে। মাছের ডিমপোনা, খাবার ও অন্যান্য পরিচর্যা বাবদ মোট এক লক্ষ টাকা খরচ হবে। লাভ হবে এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা। বছরে তিন বার চাষ করা যাবে। অর্থাৎ এক বিঘা পুকুরে রঙিন মাছ চাষ করে বছরে লাভ হবে সাড়ে চার লক্ষ টাকা।

# পটচিত্রে

প্রশান্ত ভট্টাচার্য্য
সহ মৎস্য আধিকারিক, কোলকাতা জোন

নবান্নের জন্য প্রস্তুত ছিল
ধারে আনা কিছু ধান।
অকাল বর্ষনের মতো অকাল বধূটি, কৃশ।
তবু নিয়ম মানতে হবে!
প্রতি দিন প্রতি রাতে
স্বামী আর সমাজের হাতে।
রাত জেগে জাল বোনে ভদ্রেশ্বর।
আমরা সবাই ভালো আছির বাজারে লম্ফ নিবুনিবু।
একটু আগেই ষোলো আনা আট চালায়,
বন্ধ হয়েছে প্রাত্যহিক নামগান।
ভদ্রেশ্বর গুনগুনায়।
ঈশ্বরের মুখপাত্র বলে
শুধু পিতা ছিল বলে সমাজ, সংসার পৃথিবী এখনো ঘোরে।
সেও তো মানে তা।
তাই অপুষ্ট মেয়েটারে, ধর্ম মেনে দিয়েছিল স্বজাতির ঘরে।
ঠাকুর ঠাকুর ভালো রেখ তারে।
এ বছর জল নাই মাছ নাই,
বিল আর বাওড়ে।
তবুও জাল বোনে, ঘুনী সারায়
চাঁদা দেয় বারোয়ারী ঠাকুরে।
দু টাকার চাল আছে -
মাড়ভাত মিলছে দু বেলা।
লজ্জা ঢাকা দায়
গামছা টা বেইমান দুফালা।
এতো আলো তবু কেনো দু চোখে আধাঁর।
এই সক্কাল বেলা।

কাল বর নেশা করে ঘরেতে
ছিল না কোন বাতি
বাপেতে দেয়নি বাইক,
শরীরটা বুঝে নিয়ে
তলপেটে দু'চার লাথি।
একটাই ঘর, শাশুড়ি পাশ ফিরে শোয়।
ননদ ফিসফিসায় - আভাগীর বেটি,
যেটুকু তেল আছে ঢেলে দে,
কাল যেন ও মুখ না দেখি!
বৌটার ধুম জ্বর,
ভদ্রেশ্বর আকুল পাথারে।
ছেলেটা একমনে মোবাইলে,
বিবস্ত্র শরীর নড়ে চড়ে।
এতো যে ধর্ম মানি!
পুজো দিই, ঠাকুরের থানে।
আমিও পিটিয়ে মেরেছি কাল,
অনেকের সাথে সদ্য কিশোরে, ধর্ম বাঁচাতে।
ঠাকুর একি হোলো!
আধপোড়া মেয়েটার লাশ!
ফিরে এলো ঝুপড়ির ঘরে।
ধর্ম বাঁচাতে গিয়ে,
ছেলেটার হাত গেল উড়ে।
এতো কপাল ঠুকি,
এই কি ধর্মের জোর!
হায় ভদ্রেশ্বর-যিনিই অভদ্র
আজ তিনিই ঈশ্বর।।

# মানবোপকার

সঞ্জয় কুমার মিশ্র
মৎস্য সম্প্রসারণ আধিকারিক(প্রশিক্ষণ),মুর্শিদাবাদ

আমরা সরকারি কর্মচারী। চাকুরিরত অবস্থায় তো আর রাজনীতি করতে পারি না। জীবনটা যখন তিনকাল গিয়ে এককালে ঠেকবে, মানে অবসর গ্রহণের পর অর্থাৎ শরীরের যখন দেওয়ার ক্ষমতা কমে যাবে তখন আপনি রাজনীতি করার উপযুক্ত লোক হয়ে দাঁড়াবেন। সুতরাং সরকারী চাকরি করা মানুষেরা জীবনের সেরা সময়ে খুব কম মানুষেরই কাজে বা উপকারে লাগতে পারবেন যেটা হয় রাজনৈতিক নেতা-নেত্রীদের ক্ষেত্রে। প্লাস পয়েন্ট অর্থাৎ ওনারা কিন্তু সারাটি জীবন মানুষের উপকারে অর্থাৎ আমার ভাষায় মানবোপকারে লাগেন। কিন্তু আপনার মনে যদি অদম্য ইচ্ছাশক্তি থাকে, উপর মহলের আধিকারিকদের সঙ্গে সুসম্পর্ক থাকে এবং রাজনৈতিক নেতৃত্বদের সঙ্গে সখ্যতা থাকে তাহলে আপনিও কিন্তু চাকুরী জীবনে কিছু করে দেখাতে পারেন। তাতে আপনি স্বীকৃতি পান বা না পান। আমার এই স্বল্প পরিসরের চাকুরী জীবনে চাকুরিরত অবস্থায় এরকম অনেকেরই কিছু করে দেবার চেষ্টা করছি সফলও হয়েছি কিন্তু সে সমস্ত ছোটোখাটো ঘটনাগুলো বলে নিজের ঢাক নিজে পেটাতে না চেয়ে বা নিজেকে ছোটো না করেও সমস্ত কথা এখন নাই বা বললাম এখন অনেক আগেকার "বহুজন হিতায়" একটি ঘটনার কথা মনে পড়ে গেল সেটাই বলি। এজন্য আমাকে কেউ ইতর ভাববেন না। কারন বিদ্যাসাগর প্রায়ই বলতেন –'আমাকে গালিগালাজ করছিস কেন ? আমি তো তোর কোনো উপকার করিনি। রামকৃষ্ণদেব বলে গেছেন- মানুষ হিসেবে জন্মেছিস যখন জীবনে একটা দাগ কেটে যা। যাই হোক আসল ঘটনায় আসি। 1996 সালের মে মাসের শেষ সপ্তাহে ময়নাগুড়ি পঞ্চায়েত সমিতির হলঘরে ব্লক লেভেল ফ্লাড প্রীপেয়ার্ডনেস কমিটির মিটিং চলছে । বি ডি ও সহ ব্লক লেভেল সমস্ত লাইন ডিপার্টমেন্টের আধিকারিক এবং বি ডি ও অফিসের প্রায় সমস্ত কর্মচারীবৃন্দের সঙ্গে এই অধম ওই মিটিং-এ সেদিন উপস্থিত ছিলেন। সমগ্র ভারতবর্ষে জুন, জুলাই, আগস্ট, সেপ্টেম্বর এই চার মাস কে অফিসিয়ালি বর্ষাকাল হিসাবে ধরা হলেও পশ্চিমবঙ্গে উত্তরবঙ্গের জন্য নিয়মটা একটু আলাদা। অর্থাৎ ওখানে মে মাসের মাঝামাঝি থেকে তখন বর্ষাকাল ধরা হতো। তাই জেলা লেভেলে ফ্লাড প্রীপার্ডনেস কমিটির মিটিং সাধারণত মে মাসেই অনুষ্ঠিত হয়ে যাওয়ার পর ব্লক লেভেল মিটিংগুলো হয়ে থাকে। সেদিন ঐ মিটিং প্রায় শেষের দিকে। ব্লকের চব্বিশ ঘণ্টা চালু

কনট্রোল রুম নিয়ে তখন আলোচনা চলছে। অনেকের আর সেটা শোনার মন নেই, কেমন যেন গাছাড়া গাছাড়া ভাব। কারণ সত্যি সত্যিই যদি বন্যা পরিস্থিতি তৈরী হয় তখন এই কনট্রোল রুমের কদর বাড়ে। তা নাহলে ঐ কনট্রোল রুমের রাউন্ড দ্য ক্লক রোস্টার ডিউটির অর্ডার করা থাকলেও কেউ সেরকম ভাবে গায়ে লাগাতো না। কেবল কোনোদিন প্রচুর বৃষ্টি হলে সবাই আমার শরণাপন্ন হতো। আর সে দিন যার নাইট ডিউটি থাকতো তিনি বলতেন- সঞ্জয়, আজকের রাতটা একটু চালিয়ে দেবেন। কারন ঐ যে, আমি অফিস ক্যাম্পাসের ভিতর কোয়ার্টারেই থাকি, তাই। কী আর করা যাবে। হাজার হলেও অফিসের সহকর্মী তো। বাড়ি থেকে কতোদূরে পোস্টিং। কিছু আপদ বিপদ হলে ওরাই তো আমাকে দেখে। তার উপর আমি যখন ব্যাচেলর ,একাই থাকি সুতরাং অফিস শেষে অখন্ড অবসর। আর আমার বাড়তি কাজ করার নেশা চিরকাল এবং আমার ওগুলো করতে ভালোও লাগে। তাই বি ডি ও সাহেব যখন রাউন্ড দ্য ক্লক রোস্টার ডিউটি নিয়ে আলোচনা করছিলেন আমি সেই সময়ে একঘর লোকের সামনে বি ডি ও সাহেব কে থামিয়ে দিয়ে বলে বসলাম-স্যার, এসব রোস্টার ডিউটি দিয়ে কোনো লাভ নেই কারণ রাতের বেলায় ঐ নাইট গার্ড ছাড়া আর কেউই ডিউটি করতে আসে না। যার যে দিন ডিউটি থাকে অফিস শেষে বাড়ি যাওয়ার সময় আমাকে আজকের রাতটা দেখে রাখিস বলে কেটে পড়ে। সুতরাং ঘটা করে আর কনট্রোল রুম খুলে দরকার নেই বরং আপনি আপনার কোয়ার্টারের ল্যান্ড ফোনের কানেকশন থেকে আমার কোয়ার্টারে একটা প্যারালাল কানেকশন জুড়ে দিয়েন, আর অফিসের গাড়ির ড্রাইভার কে একটু বলে রাখবেন প্রয়োজনে গাড়িটা যেন পাই । তাহলেই আপনার কনট্রোল রুম দেখবেন চব্বিশ ঘন্টাই চালু থাকবে। আমার প্রস্তাব শুনে বি ডি ও সাহেব একটু অবাক হয়ে গেলেও সিদ্ধান্ত নিতে বিন্দুমাত্র সময় নিলেন না এবং হাসতে হাসতে ঠিক আছে তাই হবে বলে মিটিং শেষ করে দিলেন। এই বি ডি ও সাহেব টি কে বলুন তো ? ঐ বি ডি ও সাহেব হচ্ছেন আমাদের এক সময়ের অ্যাডিশনাল ডিরেক্টর শান্তা প্রধান ম্যাডামের স্বামী মাননীয় বিজিত ধর মহাশয়(উনি এখন মনে হয়, অন্যান্য অনগ্রসর দপ্তরের যুগ্ম সচিব পদে আছেন ) । আমি আমার এ পর্যন্ত চাকরি জীবনে যতজন বি ডি ও সাহেবের অধীনে কাজ করেছি বিজিত ধর মহাশয় অন্যতম প্রিয় বি ডি ও মহাশয়দের মধ্যে একজন। যাইহোক মিটিং এর পর হলের বাইরে বেরিয়ে এসে সকলে মিলে আমাকে বকাবকিই বলুন আর জ্ঞান দেওয়াই বলুন বলতে শুরু করে দিল - সঞ্জয়,

তোকে আর মানুষ করা গেল না। এই বোকামির কাজ করে নাকি কেউ। অনেক পরে তাই এখন ভাবি দেশ উদ্ধার করার দায় আমার একার নাকি ? এদিকে সন্ধ্যে না হতেই দেখছি বি ডি ও সাহেব কোন এক কনট্রাক্টর কে বলে আমার কোয়ার্টারে প্যারালাল কানেকশন এর ব্যবস্থা করে ফেলেছেন। কোয়ার্টারের সিনিয়র বাসিন্দাদের মনে একটু ঈর্ষা আগলেও আমার ছোটো ছোটো ভাইপো ভাইঝিদের ( অর্থাৎ আমার কলিগদের ছেলে মেয়েদের মন খুশিতে ভরে গেল। কাকুর ঘরে বি ডি ও জ্যেঠু ফোন লাগিয়ে দিয়েছে কী মজা ! এখন আমরা কাকুর ঘর থেকে ফোন করতে পারবো ! কারণ আমার কোয়ার্টারে ছিল সকলের জন্য অবাধ প্রবেশের অধিকার। অবশ্য খুব দরকারী প্রয়োজন ছাড়া। আমি সকলকে ফোনে হাত দিতে মানা করে দিয়েছিলাম হাজার হলেও সরকারি ফোন তো। সেটা ওদের কে বুঝিয়েও দিয়েছিলাম। কনট্রোল রুম তো এখন চাঙ্গা। অর্থাৎ চব্বিশ ঘণ্টা চালু। অফিসের দিনে অফিস টাইমে সকলে চালিয়ে নিচ্ছে। ছুটির দিন বা বিয়ন্ড অফিস আওয়ার এই অভাগার ডিউটি। তাতে আমার কোন ক্ষোভ বা দুখঃ নেই কারন বাঁশ টা তো আমি নিজেই যেচে নিয়েছি। কেবল মাঝে মাঝে বি আর ও (এখন বি ডি এম ও) জিজ্ঞাসা করে সঞ্জয়, সব ঠিক আছে তো ? আমিও ঘাড় নেড়ে উত্তর দিই -নো প্রবলেম। তখন ময়নাগুড়ি ব্লকে বি আর ও ( আগে যাদের আর আই বলা হতো ) ছিলেন জলপাইগুড়ি শহরেরই স্থানীয় মানুষ স্বপন কর মহাশয়। উনার সঙ্গে আমার একটা আলাদা র‍্যাপো ছিল। এবং উনি স্বীকার করেছিলেন সঞ্জয়, ভাগ্যিস তুমি কোয়ার্টারে থাকো। তা নাহলে আমার যে কী অবস্থা হতো, কী আর বলবো। যদিও সেই সময়ে ময়নাগুড়ি ব্লকে রিলিফ দপ্তরে (বর্তমানে ডিজাস্টার ম্যানেজমেন্ট) ফুল স্ট্রেংথ ছিলো অর্থাৎ গ্রুপ ডি ,এল ডি, ইউ ডি এবং অফিসার একেবারে যেন ভরা সংসার। যাইহোক কনট্রোল রুম তো চব্বিশ ঘন্টা মানে দিন রাত গড়গড়িয়ে চলছে। বি ডি ও সাহেব ও খুব খুশি। উনার এনমার্কডকোয়ার্টারে থাকার সমস্ত রকম ব্যবস্থা থাকলেও, তিনি রাত্রে ময়নাগুড়ির কোয়ার্টারে সেই সময় থাকার মতো পরিস্থিতিতে ছিলেন না। কারন শান্তা ম্যাডাম তখন সবেমাত্র ময়নাগুড়ির বি ডি ও থেকে ট্রান্সফার হয়ে জলপাইগুড়ি তে ডি এম - ডি সি, হিসেবে পোস্টেড হয়েছেন তাই জলপাইগুড়িতেই হাউসিং নিয়ে রেসকোর্সের সরকারি আবাসনে থাকতেন। খুব প্রয়োজন না পড়লে আমাদের বি ডি ও সাহেব কে ময়নাগুড়ির কোয়ার্টারে রাত্রিবাস করতে হতো না এর জন্য অবশ্য ডি এম সাহেবের কাছ থেকে তিনি অনুমতি নিয়েই রেখেছিলেন। এইবার

হলোকি একদিন তখন রাত্রি প্রায় বারোটা-সোয়া বারোটা হবে হঠাৎই টেলিফোনে কিরিরিং, কিরিরিং আওয়াজ ( কারন তখনও কালো রংএর হ্যান্ডলওয়ালা বারবার আঙুল ঢুকিয়ে ফোন করার রিসিভারই আমার ঘরে লাগানো ছিল )। আমি তো বিছানায় শুয়ে পড়েছি। প্রথমে আওয়াজ শুনে ভাবলাম কেউ হয়তো কিছু একটা পরীক্ষা করার চেষ্টা করছে। তাই বেশ কয়েকবার রিং হওয়ার পরই একেবারে শেষ মুহূর্তে ফোন টা ঢুলু ঢুলু চোখে ধরতে বাধ্যই হলাম। ফোন ধরেই একটু বিরক্তি সুরে -হ্যালো কে ? ওপারের কণ্ঠস্বর -এটা ময়নাগুড়ি কনট্রোল রুম ? আমি উত্তর দিলাম - হাঁ। আবার ওপার থেকে আমি ডি এম সাহেব বলছি।' আমার তো তখন বুকে ধুকপুকানি উঠে গেছে । বিছানা থেকে তড়াং করে লাফিয়ে উঠে ( অনেক ছোটো খাটো অফিসার কে দেখেছি বড় বড় অফিসারদের ফোন এলে কেমন যেন চেয়ারে বসে থাকা অবস্থা থেকে উঠে দাঁড়িয়ে পড়ে গদগদ ভাষায় কথা বলে আমার ওগুলো অনেক দেখে অভ্যেস হয়ে আছে তাই আমিও সেদিন শোয়া অবস্থা থেকে দাঁড়িয়ে পড়েছিলাম বলুন স্যার । তখন ডি এম স্যার বলছেন - আপনাদের বি ডি ও সাহেব কে খবর দিন আপার ক্যাচমেন্ট এরিয়ায় হেভি রেনফল হচ্ছে। রেড সিগ্ন্যাল ইমপোস করা হয়েছে। সুতরাং তিস্তা রিভার বরাবর যে সমস্ত জি পি আছে সেই সমস্ত এলাকার আন প্রটেক্টেড এরিয়ার লোকজনদের রাতের মধ্যেই সরিয়ে নিতে হবে এবং প্রটেক্টেড এরিয়ার লোকদেরও খবর দিতে হবে। সেই ডি এম স্যারের নাম ছিলো পি রমেশ কুমার। খবরটা শুনেই তো আমি হতভম্ব হয়ে গেলাম। এইমাত্র ডি এম সাহেবের সঙ্গে ফোনে সরাসরি কথা বললাম, বিশ্বাসই হচ্ছে। কেমন যেন সব গুলিয়ে যাচ্ছে। তার উপর এই মাঝ রাতে কাকে আর ডিস্টার্ব করবো এই সাত পাঁচ ভাবতে ভাবতে মনে পড়ে গেলো বি ডি ও সাহেব তো আমাকে বলে রেখেছেন সঞ্জয় বাবু কোনো দরকারি খবর থাকলে সঙ্গে সঙ্গে জানাতে ভূলবেন না কিন্তু। কারণ বি ডি ও সাহেবের। জলপাইগুড়ির কোয়ার্টারে ল্যান্ড ফোনের কানেকশন ছিল। তাই বি ডি ও সাহেবকেই আগে ফোন করে খবরটা জানালাম। খবরটা শুনেই বি ডি ও সাহেব আমাকে অফিসের গাড়িটা নিয়ে প্রথমেই হেলাপাকড়ি এবং তারপর ধর্মপুর চলে যেতে বললেন। তখন বি ডি ও অফিসে উইলিস কোম্পানির জীপ গাড়ি ছিল। গাড়ির আসল ড্রাইভার ছিল কাঞ্চা ছেত্রী। কিন্তু কাঞ্চা দা সেই সময়ে প্রচন্ড অসুস্থ থাকায় ওর ছেলে রাম ছেত্রী ই অফিসের গাড়িটা। চালাতো। গাড়িটার বাহ্যিক আবরণে চাকচিক্য থাকলেও স্পিডোমিটারের উপর পা দিয়ে দাঁড়িয়ে পড়লেও

গাড়ির স্পীড চল্লিশের উপর উঠতো না। এক কথায় সেফ ড্রাইভ -সেফ লাইফের পক্ষে একেবারে আদর্শ । সেই সময়ে বি ডি ও সাহেবের যেহেতু পারসোনাল কার ছিলো তাই তিনি ফোনে আমাকে। নির্দেশ দিলেন - সঞ্জয় বাবু , আমি নিজের গাড়িটা নিয়ে বি আর ও এবং নির্মল বাবুকে সঙ্গে নিয়ে দোমহানি তে খবর দিয়ে বার্নিশ জি পি হয়ে বাকালি চলে আসছি। আর আপনিও পদমতী দুই এবং ধর্মপুর হয়ে বাকালি চলে আসুন। সেদিন কনট্রোল রুমে নাইট ডিউটি ছিল ইনস্পেক্টর সোস্যাল ওয়েলফেয়ার (বর্তমানে বি ডব্লিউ ও নির্মল চক্রবর্তী মহাশয়ের। নির্মলদা আমার থেকে দু-চার বছরের সিনিয়র হলেও ঐ অফিসে যে কয়েকজনের সঙ্গে বন্ধুর মতো সম্পর্ক ছিল ও তাদের মধ্যে একজন। ময়নাগুড়িতেও সেদিন রাতে প্রচণ্ড বৃষ্টি পড়ছিল। তাই ঐ তুমুল বৃষ্টির মধ্যে ছাতা মাথায় কাঞ্চাদার কোয়ার্টারে গিয়ে রাম কে ঘুমের মধ্যে থেকে ডেকে তুলে হেলাপাকড়ির উদ্দেশ্যে রওনা দিলাম। হেলাপাকড়ি হলো পদমতী দুই নম্বর গ্রাম পঞ্চায়েতের হেডকোয়ার্টার। একেবারে কোচবিহার জেলা সংলগ্ন তিস্তা নদীর পাড়ের গ্রাম। ঐ সময়ে ওই গ্রামপঞ্চায়েতের প্রধান ছিলেন মদন সেন মহাশয়। উনার সঙ্গে আমার দহরম-মহরম একটু বেশিই ছিল। ওই যে। আগে বলে রেখেছি রাজনৈতিক নেতা নেত্রীদের সঙ্গে সখ্যতা বজায় রাখলে সরকারি কাজের অনেক সুবিধাও হয়। তাই রামকে বললাম একেবারে সোজা মদনদার বাড়ি চলো। ঐ অতো রাতে মদনদা আমাকে দেখে অবাক । মদনদা আমার কাছে সব শুনে নিয়ে ওর এলাকার কয়েকজন গ্রাম পঞ্চায়েত সদস্যদের ডেকে নিয়ে গ্রামের লোকদের খবর দেওয়ার সঙ্গে সঙ্গে সাবধানে রাতটা কাটাতে বললো। তারপর আমি ধর্মপুর গ্রাম পঞ্চায়েত এর উদ্দেশ্য রওনা দেবো এমন সময়ে মদনদা বললেন সঞ্জয় বাবু, এত রাতে আপনাকে একা ছাড়বো না আমিও আপনার সঙ্গে যাবো। আমি বললাম গেলেতো ভালোই হয় কিন্তু আপনার এলাকা সামলাবেন কী ভাবে ? মদনদাও উত্তর দিল - এই তো সব মেম্বারদের লাগিয়ে দিয়েছি, ওরাই সব সামলে নেবে। আরে আপনি কোলকাতার মানুষ হয়ে যদি আমাদের ব্লকের জন্য এতো করতে পারেন আমি স্থানীয় মানুষ হয়ে এইটুকু করতে পারবো না ? নিরুপায় হয়ে। উনাকে সঙ্গে নিতেই হলো। এবার ধর্মপূরের উদ্দেশ্যে রওনা। সেই সময়ে ধর্মপূরের প্রধানের নাম ছিল শরৎ চন্দ্র রায়। মদনদা এবং আমি শরৎ দার বাড়ি পৌঁছে শরৎদা কে ঘুম থেকে তুলে ডি এম স্যার আমাকে যা ফোনে জানিয়েছিলেন শরৎ দাকে সে সমস্ত জানিয়ে দিলাম। শরৎ দাও

মদনদার মতো সব শুনে নিয়ে গোটাকতক পঞ্চায়েত সদস্যকে ডেকে নিয়ে কাজ শুরু করে দিলেন। আমরা সবাই মিলে তিস্তা নদীর জল দেখতে গেলাম । শরৎদা মদনদা দুজনেই জানালেন বিকেলেও নদীতে এত জল ছিল না। সন্ধ্যা থেকে এই রাতের মধ্যেই সত্যি সত্যি জল অনেকটাই বেড়েছে এবং আরও বাড়বে বলেই মনে হচ্ছে । কারণ আপার ক্যাচমেন্ট এরিয়া থেকে ময়নাগুড়ি ব্লক সিমানার মধ্যে জল আসতে প্রায় ২ ঘন্টার মতো সময় লেগে যায়। এদিকে রাত প্রায় শেষ হতে চললো কৃষ্ণপক্ষ ছিল বলে সুবিধাই হয়েছিল। কারণ আকাশ জুড়ে বৃষ্টি হলেও অন্ধকার ভাবটা ছিল না। ঐ জল বৃষ্টি, কাদার মধ্যে কাজ সেরে বাকালি তে যখন স্পারের ( স্পার হচ্ছে মেইন বাঁধ কে রক্ষা করার জন্য লম্বা লম্বি ভাবে যে বাঁধ দেওয়া হয় ) মাথায়। পৌঁছলাম ততক্ষণে বি ডি ও সাহেব,স্বপনদা,নির্মলদা সকলেই স্পারে চলে এসেছেন। চারিপাশে লোকে লোকারণ্য। দিনের আলো ফুটে যাওয়ায় তিস্তার যে কী বীভৎস রূপ দাঁড়িয়ে, দাঁড়িয়ে হাঁ করে দেখছিলাম। তখন হু হু জল বাড়ছে কারণ আপার ক্যাচমেন্ট এরিয়ার জল আসা শুরু হয়ে গিয়েছিল। ততক্ষণে বি ডি ও সাহেব আমাকে সাত সকালেই ছুটি দিয়ে বললেন - সারারাত খুব ধকল সইতে হয়েছে আপনাকে। ঘরে গিয়ে রেস্ট নিন খুব দরকার না পড়লে আজ আপনাকে আর অফিসে ডাকছি না। রামকে সঙ্গে করে ফিরে এলাম ঠিকই কিন্তু মনটা ওখানই পড়েছিল। নিজের কষ্ট হলেও মানব সেবায় সেদিন কাজে লাগতে পেরেছিলাম বলে নিজেকে ধন্য মনে হয়েছিলো । বি ডি ও সাহেবও একদম সাধারণ অফিসারের ঘরে ফোন লাগিয়ে দেবার উপকারিতা বুঝতে পেরেছিলেন কারণ বি ডি ও অফিসে ফিরে এলে সারাদিন আগের রাতের ঘটনাটিরই কচকচানি চলছিলো অফিসে। আমাদের মতো এফ ই ও দের নিজের দপ্তরের কাজ বাদ এই রকম কতো কাজ যে জনগনের জন্য করতে হয়, যারা বি ডি ও অফিসে কাজ করেননি তাঁরা চিন্তাই করতে পারবেন না।

# একজন মৎস্য-চাষীর আত্মকথন

সুবোধ মন্ডল

আমি একজন দরিদ্র, সৎ, নিষ্ঠাবান ও পরিশ্রমী চাষী,
আমাকে ভালবাসেন এস.এফ.ও. এর অফিসার, শহুরে, গ্রামবাসী।
পড়াশোনা বেশিদূর শিখিনি, ছিল অভাবের তাড়না,
মাথায় থাকতো দু'বেলা কেবল ভাত জোটানোর যাতনা।
মানুষের পাতে প্রোটিন-ভরা মাছ যোগানোতেই মোদের তুষ্টি,
আমরাই অনেকটা দূর করি দেশের সমস্যা বেকারত্ব ও অপুষ্টি।
অসুখের পরে দুর্বলতা সারাতে কখনও ভেব না পাঁচ-সাত,
ডাক্তারবাবুরা বলেন খেতে হবে এরজন্য 'মাছের ঝোলভাত'।
মাছের প্রোটিনের ও অন্যান্য খাদ্যগুণের তুলনা মেলা ভার,
প্রতিদিন এক টুকরো মাছ খেলে হবে সুস্থ শরীর ও বুদ্ধির ধার।
কত কিসিমের যে মাছ আছে, নেই তার কোনো ইয়ত্তা
প্রচুর মাছ উৎপাদন করে বিপনন দাম করতে চাই শস্তা।
ইলিশ, চিংড়ি, চিতল, পমফ্রেট, রুই, মাগুর, শিঙ্গি, ট্যাংরা,
রুই, কাতলা, মৃগেল, শোল, মৌরলা, ফলুই, বাটা, কাঁকড়া।
অনেক বাধার মধ্যে প্রধান অন্তরায় জলাভূমির সংকোচন,
জলাভূমির ভরাট রুখে করতে হবে সদ্ব্যবহার ও সম্প্রসারণ।
অল্পবিস্তর আয়ে কোনোরূপে মোরা নিজেদের সংসার চালাই,
ভারত সরকারের বদান্যতায় মৎস্যচাষী দিবস ১০ই জুলাই।
মৎস্য উৎপাদন ও মোদের উন্নতিতে নানা প্রকল্প রাস্তা ও ঘর,
নিয়োজিত এস.এফ.ও.এর অফিসার, পশ্চিমবঙ্গ সরকারের মৎস্য দপ্তর।

# কংসাবতী

মানস কুমার পালধী
জেলা মীনাধিকারিক, হাওড়া

*ছোট্ট সেই পাহাড় চূড়োর থেকে,*
*পাথুরে ওই মালভূমিরই ঝাঁকে,*
*আসলি ছুটে সবুজ মাঠের পরে*
*কংসাবতী! উথাল হয়ে ওরে।*
*শরৎ - কাশে দুকুল ভাসে*
*যৌবনা তুই কি উল্লাসে*
*পৃথুলকায়া মেলিস দিঠি'পরে*
*মুগ্ধ আমি, মৌন আমি,*
*তাকিয়ে থাকি অস্তরাগে*
*খুঁজতে থাকি একান্তিকা তোরে।*



# রূপসায়র

চমক মজুমদার

ছেঁড়া জালটা রিফু করতে করতে চক্রবর্তীদের পুকুরের মাছগুলোরকথা ভাবে সুবল। একেকটা ইয়া বড় বড়—দু কেজি সাইজ তো হবেই। এক খাওনে টেনে তুলতে মা গঙ্গার নাম মনে পড়ে যাবে। ওই মাছ ধরে রাখতে জালও মজবুত হওয়া চাই। তোলার সময় এমন লাফাতে থাকে যে মনে হয় জাল ছিঁড়ে পর্দাফাই হয়ে যাবে। রশি টানতে গিয়েও মনে হয় হাতের চামড়া যেন ফেটে বেরিয়ে যাবে। হবে নাই বা কেন! সারা বছর চক্রবর্তীবাবু মাছগুলানকে খাবার খাওয়ায়—প্যাকেটের খাবার। তাতেই তো নধরকান্তি হয়ে ওঠে মাছগুলান। সুবলেরও খুব শখ ওর পুকুরেও এমন মাছ লাফাক। কিন্তু চক্রবর্তীর মতো মাছের পিছনে খরচ করার রেস্ত আছে নাকি ওর? তবু স্বপ্ন দেখতে তো বাধা নেই। আদরের ধনকে নিয়েই তো স্বপ্ন দানা বেঁধে ওঠে। রূপসায়রকে সুবলের ঠিক পুকুর বলে মনে হয় না। জলে নামলেই রূপসায়র কেমন যেন ওকে জড়িয়ে ধরে। বহুদিন বিচ্ছেদের পর দেখা হলে প্রেমিকা যেমন জড়িয়ে ধরে প্রেমিককে। ঠোঁটে ঠোঁট ডুবিয়ে দখল করে নেয় নিজের মানুষটাকে। রূপসায়রে নামলেই ঠান্ডা জল আস্তে আস্তে দখল করতে থাকে সুবলের শরীর। ও শিহরিত হয়, গায়ে কাঁটা দেয়। বিশাল মাঠের একদিকে পুকুর, চারপাশে বড় গাছে ঘেরা, নির্জন। কারোর আশেপাশে না থাকাটা পুরুষকে আরো উত্তেজিত করে তোলে। আর নিজেকে সামলাতে পারে না সুবল। এক কোমর জলে গিয়েই ঝাঁপ দেয়। গভীরে, আরো গভীরে। তৃপ্ত হয়ে ভেসে ওঠে। ওর সারা গা থেকে তখন ঝরে পড়ে রূপসায়রের সোহাগ-টুপটুপ।

ফাগুন মাস পড়ে গেল। কাল রূপসায়রে সাবাড় নামাবে সুবল। গত অঘ্রানের সাবাড়েও মন্দ ফলন হয়নি। সুবলের আশা এবারও ওকে ফেরাবে না ওর রূপসায়র। কিন্তু যতই নিজের মনে করুক, রূপসায়র আসলে জেলেপাড়ার সুবল হালদারের সম্পত্তিই নয়। বংশ-পরম্পরায় জেলে সুবলের বাবা জাল টানতো কায়েতপাড়ার সরকারদের এই পুকুরে। বাড়িতে কুটুম এলেই পুকুরে জাল ফেলার জন্য ডাক পড়তো সুবলের বাবার। চাষ কিছুই হতো না, তবে ফি-বছর নিয়ম করে মাছ ছাড়ার সময় সুবলের বাবার পরামর্শ নিত সরকারবাবুরা। সেই থেকে রূপসায়রের সাথে সুবলের সম্পর্ক। লোকে বলে জ্যোৎস্না রাতে এই পুকুরের উপর রূপো ঝরে পড়ে। একা একা সে রূপ দেখেছে সুবল। চরাচরে কেউ

কোথাও নেই। পূর্ণিমার চাঁদ যেন পৃথিবীর বড় কাছে। ফ্যাটফ্যাটে আলোয় পাড়ে একা বসে সুনীল দেখেছিল রূপসায়রের জলে রূপোর ঝিকিমিকি। সেদিন থেকেই রূপসায়রের প্রেমে পড়ে গিয়েছিল ও। গ্রামের সবাই বলে রূপবতী মেয়ের মতোই রুপসায়রও বড় দেমাকি। পছন্দ না হলে জলে নামতেই দেবে না—ঠেলে সরিয়ে দেবে। কিন্তু সুবল জানে রূপসায়র ওকে ভালোবাসে। তাই তো ওকে আপন করে নেয়। টেনে নেয় নিজের কাছে। ভালোবাসায় ভরিয়ে দেয়।

সরকারদের সাথে সুবলদের পারিবারিক সম্পর্ক ছিল। পুজোতে জামাকাপড় পেত সুবলরা। ক্রমে রূপসায়রের দেখভালের দায়িত্ব এসে বর্তায় সুবলের বাপ সুনীলের কাঁধে। শেষে সবকিছু ছেড়ে সরকাররা যখন কলকাতায় ডেরা বাঁধল, তখন রূপসায়রের দায়িত্ব নিজে থেকেই নিয়েছিল সুবল। সেই থেকে প্রতি ফাগুনে বড় বড় মাছ নিয়ে সরকারদের কলকাতার বাড়িতে ভেট দেয় ও। বড়কর্তার পায়ে নগদে পাঁচ হাজার নজরানাও রাখে। সুবল জানে আজকের বাজারদরে তিন বিঘা রূপসায়রের বার্ষিক চাষের লিজ পাঁচ হাজারের অনেক বেশি। কিন্তু এটাতো সম্পর্কের বিষয়। সরকারদের ভরসা আছে ওর উপর-সুবল দেখভাল করছে রূপসায়র, বেহাত হওয়ার ভয় নেই। আর জেলেপাড়ার সুবল হালদারের চাষ করার পুঁজি কোথায়? ভোরবেলা লোকের পুকুরে জাল দিয়ে আর চক্রবর্তীবাবুর হ্যাচারিতে মোট বয়ে কত টাকাই বা থাকে যে রূপসায়রে পুঁজি ঢালবে? তবু তো রূপসায়র ওকে ঢেলে ফলন দেয়, ভালোবেসে।

এবছর একটু ভালো ফলনের লক্ষ্য রেখেছিল সুবল। গত বোশেখেই চক্রবর্তীর ফার্মে চারা কিনতে গিয়েছিল।

—কে র‍্যা? তুই কবে চাষী হলি? ওকে দেখে চশমাটা তুলে তাচ্ছিল্যের হাসি হেসে জিজ্ঞেস করেছিল চক্রবর্তী।

—আজ্ঞে আপনার আশীর্বাদে ছোট একখান পুকুর..

লাজুক গলায় বলেছিল সুবল। এ তল্লাটে চক্রবর্তীর মতো বড় মাছচাষী নেই। নিজস্ব হ্যাচারী, বাজারে আড়ত, অসংখ্য লিজের পুকুর--সুবলদের মতো অনেকেরই ওর কাছে কাজ করে দিন গুজরান হয়।

-তা কোন পুকুর?

প্রশ্ন শুনে কিছুটা ইতস্তত করছিল সুবল। তবে চক্রবর্তীদের সাথে সরকারদের

ঝগড়া এই অঞ্চলের সকলেই জানে। তাই আলতো করে শব্দগুলো ভাসিয়ে দিয়েছিল—রূপসায়র।

জাল সেলাই সেরে চায়ের দোকানে গিয়ে বসে সুবল। বিকেলটা বড্ড চা চা করে মনটা। সামনে বসে হারাধন কাকা-খ্যাপলা নিয়ে বার হয়েছে।

–কি চক্কোত্তির চ্যালা, খপর কী?

ওকে দেখেই এমন ঠেস দিয়ে কথা বলে হারাধন।

-শালা বামুনের পো আবার মাছের কি বুঝে?

রাগ করে না সুবল। ও জানে চক্রবর্তীর উপর খুব রাগ কাকার। একটা ছোট পুকুরে লিজে মাছের চাষ করত হারাধন, জাল দেওয়ার পাশাপাশি। চক্রবর্তী বেশি পয়সা দিয়ে লিজ নিয়ে নেওয়ায় রাগ বেড়েছে হারাধনের। চায়ে চুমুক দেয় সুবল।

প্রতি ফাগুনের মতোই এবারও কলকাতায় সরকারদের বাড়িতে ভেট নিয়ে আসে সুবল। বড় বড় তিনটে রুই-কাতলা, একেকটা দু কেজির উপর। রূপসায়র এবার ওকে ঢেলে দিয়েছে মাছ। এবাড়িতে বরাবর খাতির পায় সুবল। পেট ভরে খেতে খেতে তাতেই গর্বে বুকটা ভরে ওঠে ওর। বাড়ি ফেরার আগে বড়কর্তাকে প্রণাম করে বরাবরের মতো পায়ের সামনে পাঁচ হাজার টাকা রাখে সুবল।

-টাকাটা তোর কাছেই রাখ সুবল।

বড়কর্তার গুরুগম্ভীর স্বরে ভ্যাবলার মতো তাকিয়ে থাকে সুবল।

এ বাজারে ওই এলাকায় তিন বিঘে পুকুর কি পাঁচ হাজারে হয়?

সরকার কর্তা কী বলতে চাইছেন বুঝে উঠতে পারে না সুবল।

দ্যাখ, এর মধ্যেই ওই পুকুরের জন্য লোকজন ত্রিশ হাজার টাকা দেবে বলেছে। কিন্তু তুই আমাদের সুনীল কাকার ছেলে। আমরা চাই তুইই পুকুরটা কর। দ্যাখ, বৈশাখের মধ্যে টাকাটা জোগাড় করতে পারিস কিনা।

কথা বলতে পারে না সুবল। ও বলতে চায়, এত বছর যে ও রূপসায়রের দেখভাল করলো, সেটা কিছু ? রুপসায়রের প্রেমে পড়ল, তার দাম নেই? এই যে বড় মাছগুলান, এতো শুধু মাছ নয়—সম্পর্কের বন্ধন, এগুলো মূল্যহীন?

আগামী একমাস টাকার খোঁজে হন্যে হয়ে ঘুরল সুবল। বন্ধুবান্ধব কারোরই এত টাকা দেওয়ার মুরোদ নেই সুবল জানে। শুধু তো সরকারদের টাকা নয়, এরপর মাছ ছাড়া,

চাষের জন্যও টাকা প্রয়োজন। ভেবেছিল, চক্রবর্তীর কাছে হাত পাতবে। কিন্তু ওর কাছে বাঁধা পড়ার ইচ্ছে নেই সুবলের। কেউ বুদ্ধি দিল, চাষের জন্য ব্যাঙ্ক ঋণ দেয়। ব্যাঙ্ক, বিডিও অফিসের চক্কর কেটে সুবল বুঝিল তাতেও বিস্তর ঝামেলা। রূপসায়রের কাগজই তো নেই ওর কাছে। মাছ ছাড়ার সময়, মাছ ধরার সময়, রূপসায়রকে আদর করার সময় তার কাগজ প্রয়োজন কখনো মাথায় আসেনি সুবলের।

বৈশাখ মাসের মধ্যে টাকাটা জোগাড় হল না সুবলের।

রাতে ঘুম আসে না সুবলের। ছটফট করে বিছানায়। মাঝরাত থাকতে আর থাকতে না পেরে মাঠের দিকে হাঁটা লাগায় সুবল। ফ্যাটফ্যাটে জ্যোৎস্না, যদিও চাঁদ পশ্চিমমুখী। মাঠ টপকে বড় গাছগুলোর পাশ দিয়ে রূপসায়রের পাড়ে এসে দাঁড়ায় সুবল। জ্যোৎস্নার কুচি ঢেলে দিয়েছে কেউ। তিন বিঘার জলা জুড়ে রূপোর আভাস। সুবলের প্রেমিকা আবার সেই মোহময়ীরূপে। জলে ঢেউয়ের শব্দ। আগেতো এমন উত্তাল ছিল না রূপসায়র।

-ক্যা রে? সুবল নাকি?

জোরালো টর্চের আলো এসে পড়ে মুখে। চক্রবর্তী দখল নিয়েছে পুকুরের। অভিজ্ঞ চোখ এই অন্ধকারেও বুঝতে পারে পুকুরে মাছের চাপ অনেক বেশি। মেশিন চালিয়ে দিয়েছে চক্রবর্তী। ঢেউ উঠছে জলে।

আস্তে আস্তে জলে নামে সুবল। ভোরের একটা শিরশিরে ভাব। কই আজ তো ওর শরীরে কাঁটা দিচ্ছে । শিহরিত হচ্ছে না ও। সুবল এগিয়ে যেতে চায় গভীরে। কিন্তু ঢেউয়ের ধাক্কায় এগোতে পারে না। ও বুঝতে পারে ওর প্রেমিকা ওকে আর কাছে আসতে দিতে চায় না। সে আজ অন্য কারোর প্রোষিতভর্তৃকা। চিৎকার করে ওঠে সুনীল। ডুবে মরতে চায়। কিন্তু রূপসায়র ওকে ডুবতেও দেয় না, ছিটকে ফেলে পাড়ে। জ্যোৎস্না বেয়ে রূপো গড়িয়ে পড়ে রুপসায়রে। ঝকঝক করতে থাকে জল। লোভের ঝিলিক মারে চক্রবর্তীর চোখে।

স্টেট ফিসারী অফিসার্স অ্যাসোসিয়েসন, ওয়েস্ট বেঙ্গলের মুখপত্র

# সংবেদ

## বিশেষ ৩২তম দ্বিবার্ষিক রাজ্য সম্মেলন সংখ্যা

রাজ্য যুব কেন্দ্র, মৌলালী, কোলকাতা

২৩ - ২৪ আগষ্ট, ২০১৯